হাস্যমুখী [খী]
হাস্যরঙ্গ
হাস্যরস
হাস্যরসায়ন
হাস্যরসাশ্রিত
হাস্যরসিক
হাস্যস্রষ্টা
হাস্যাভিনয়
হাস্যাভিনেতা

হাস্যার্ণব
হাস্যালাপ
হাস্যাশ্রিত
হাস্যাস্পদ [স্পা]
হাস্যোচ্চকিত
হাস্যোচ্ছ্বসিত
হাস্যোচ্ছ্বাস
হাস্যোজ্জ্বল
হাস্যোদ্‌বেল
হাস্যোদ্দীপক [স্যো]
হাস্যোদ্বেল দ্র০ হাস্যোদ্‌বেল
হাস্যোদ্ভাস
হাস্যোদ্রেক
হাস্যোদ্রেককারী
হাস্যোল্লসিত
হাস্যোল্লাস
হা হতোস্মি
হা হন্ত
হাহাকার
হাহাকারদীর্ণ, +তা
হাহারব
হাহাহিহি
হাহাহুহু
হা-হুতাশ
হিউমার
হিং
হিংচে দ্র০ হিঞ্চে
হিংটিংছট
হিংসক
হিংসনীয়, +তা
হিংসা
হিংসাকাতর, +তা
হিংসাকুটিল, +তা
হিংসাক্লিষ্ট
হিংসাজয়ী
হিংসাত্মক
হিংসাপরায়ণ
হিংসাপ্রবণ
হিংসাপ্রাধান্য
হিংসাপ্রাবল্য

হিংসালু
হিংসাশক্তি
হিংসাশান্তি
হিংসাশূন্য
হিংসাশ্রয়ী
হিংসাশ্রিত
হিংসাস্ত্র
হিংসুক
হিংসুটি
হিংসুটে
হিংসুটেপনা [না]
হিংসে
হিংসোন্মত্ত, +তা
হিংসোন্মাদ
হিংস্র, হিংস্রতা
হিংস্রকণ্ঠ
হিংস্রগর্জন
হিংস্রদৃষ্টি
হিংস্রমূর্তি
হিংস্রস্বভাব
হিংস্রস্বর
হিঁদু
হিঁদুয়ানি
হিকমত
হিক্কা
হিজ এক্সেলেন্সি
হিজড়া, হিজড়ে
হিজ বিজবিজ
হিজ মাস্টার্স ভয়েস
হিজ ম্যাজেস্টি
হিজরি [রি]
হিজল
হিজ লর্ডশিপ
হিজ হাইনেস
হিজিবিজি [ি ি ি ি]
হিজেমনি
হিঞ্চে
হিড়হিড় [ড়,ড়]
হিড়িক [ড়]
হিড়িম্বা

হিত
হিতকথা
হিতকর
হিতকরী [রী]
হিতকর্ম
হিতকল্পে
হিতকাম
হিতকামী
হিতকারিণী [রি ণী]
হিতকারী [রী]
হিতকৃত্য
হিতপ্রকল্প
হিতবাদ
হিতবাদী [দী]
হিতবিধান
হিতবুদ্ধি
হিতবোধ
হিতসন্ধান
হিতসাধক
হিতসাধন
হিতাকাঙ্ক্ষা [ঙক্ষ]
হিতাকাঙ্ক্ষিণী [ঙ্ক্ষি ণী]

হিতাকাঙ্ক্ষী [ঙক্ষী]
হিতার্থিনী [র্থি নী]
হিতার্থী [র্থী]
হিতার্থে
হিতাহিত
হিতাহিতাচিন্তা
হিতাহিতজ্ঞানশূন্য
হিতাহিতজ্ঞানহীন
হিতৈষণা [ষ ণ]
হিতৈষা
হিতৈষিণী [ষি ণী]
হিতৈষিতা [ষি]
হিতৈষী [ষী]
হিতোপদেশ [হিত+উপদেশ]
হিতোপদেশক
হিতোপদেষ্টা
হিন্দি [ন্দি]

হিন্দিপ্রেম
হিন্দিবলয়
হিন্দিভাষিণী
হিন্দিভাষী
হিন্দু
হিন্দুকুশ
হিন্দুত্ব
হিন্দুত্ববাদ
হিন্দুত্ববাদী
হিন্দুধর্ম
হিন্দুনারী
হিন্দুনীতি
হিন্দুপ্রধান
হিন্দুপ্রাধান্য
হিন্দুবিধান
হিন্দুবিধি
হিন্দুমত
হিন্দুয়ানি [নি]
হিন্দুশাস্ত্র
হিন্দুসন্তান
হিন্দুসন্ন্যাসী
হিন্দুসমাজ
হিন্দুসাম্রাজ্য
হিন্দুশাসন
হিন্দুস্তান
হিন্দুস্থান
হিন্দুস্থানি [নি]
হিন্দোল
হিপি
হিপিনি [ি,ি,ি]
হিপোক্রিট
হিপোপটেমাস
হিপ্নোটিজ্‌ম
হিপ্নোসিস
হিব্রু
হিম
হিমকাতর, +তা
হিমগিরি
হিমগুহা
হিমঘর
হিমদেহ
হিমপতন
হিমপাত
হিমপ্রপাত
হিমবন্ত
হিমবান
হিমাবাহ
হিমরেখা
হিমশীতল, +তা
হিমশৈল
হিমসাগর
হিমসিম [সি]
হিমস্পর্শ
হিমাংশু
হিমাগার
হিমাঙ্ক [ঙ্ক]
হিমাঙ্গ
হিমাঙ্গী
হিমাচল
হিমাচ্ছন্ন, +তা
হিমাদ্রি [হিম+অদ্রি]
হিমাদ্রিশিখর
হিমাদ্রিশির
হিমাদ্রিশীর্ষ
হিমাদ্রিশেখর
হিমানী [নী]
হিমাবিষ্ট
হিমাবৃত
হিমাবেশ
হিমায়িত
হিমালয়
হিমিকা
হিমেল
হিম্মত [ত]
হিয়া [<হৃদয়]
হিরণ [ণ] 'সোনা'
হিরণ্ময় [ণ্ম]
হিরণ্ময়ী
হিরণ্য [ণ্য]
হিরণ্যকশিপু
হিরণ্যকান্তি
হিরণ্যগর্ভ
হিরণ্যজ্যোতি
হিরণ্যদ্যুতি
হিরণ্যনাভ
হিরণ্যপ্রভ
হিরা, হিরে কি০ হীরক
হিরাকস
হিরাপান্না
হিরামন
হিরেপান্না
হিরেমন
হিলিমিলি
হিল্লে
হিল্লোল
হিল্লোলিত [লি]
হিস্‌সা 'অংশ'
হিস্‌সাদার
হিসাব, হিসেব [স]
হিসাবকিতাব
হিসাবদাখিল
হিসাবনবিশ
হিসাবনিকাশ, হিসাবনিকেশ
হিসাবপরীক্ষক
হিসাবপরীক্ষা
হিসাববিজ্ঞান
হিসাবরক্ষক
হিসাবরক্ষণ [ণ]
হিসাবি
হিসেবি [বি]
হিস্টিরিয়া
হিস্ট্রি
হিহি
হীন, হীনতা
হীনচিত্ত, +তা
হীনচেতা
হীনজ্যোতি
হীনদীপ্তি
হীনদ্যুতি
হীনপ্রভ

হীনপ্রাণ
হীনবল
হীনবাক্য
হীনবীর্য
হীনবুদ্ধি
হীনভাষা
হীনভাষী
হীনমতি [তি]
হীনমনা
হীনম্মন্যতা [ম্ম ন্য]
তু০ পণ্ডিতম্মন্যতা
হীনযান
হীনযোনি
হীনস্বাস্থ্য
হীনার্থক
হীয়মান 'ক্ষীয়মান', +তা
হীর
হীরক [হী] কি০
হিরা, হিরে
হীরকজয়ন্তী [ন্তী]
হীরকজ্যোতি
হীরকদ্যুতি
হীরকপ্রভ
হীরা দ্র০ হিরা
হুইপ
হুইল
হুইলচেয়ার
হুংকার
হুংকারিত
হুংকৃত
হুঁ
হুঁকা, হুঁকো
হুঁকাবরদার
হুঁকোকলকে
হুঁকোবরদার
হুঁচট দ্র০ হোঁচোট
হুঁশ
হুঁশিয়ার
হুঁশয়ারি [রি]
হুঁ-হুঁ
হুকুম
হুকুমজারি
হুকুমত [ত]
হুকুমতামিল
হুকুমদখল
হুকুমনামা
হুকুমবরদার
হুক্কা কি০ হুঁকো
হুক্কাবরদার
হুক্কাহুয়া
হুগলি [লি]
হুঙ্কার দ্র০ হুংকার
হুজুগ
হুজুগে
হুজুর
হুজুরাইন
হুজুরানি [নি]
হুজ্জত [ত]
হুজ্জতি [তি]
হুজ্জুতে
হুট ['-করে']
হুটহাট
হুটোপাটি
হুড়কো
হুড়দাড়
হুড়মুড় [ড়, ড়]
হুড়হুড় [ড়, ড়]
হুডুম
হুডুমদুডুম
হুড়োহুড়ি
হুতাগ্নি
হুতাশ [শ]
হুতাশন [শ ন]
হুতুম
হুতুমপ্যাঁচা
হুতোম
হুতোমি [মি]
হুদ্দা
হুন
হুনর 'দক্ষতা'
হুনুরি [রি] 'শিল্প, শিল্পী'
হুন্ডি [ন্ড]
হুপ, হুপহুপ
হুবহু [হু, হু]
হুমকি [কি]
হুমড়ি [ড়ি]
হুরি
হুরিপরি [রি, রি]
হুল
হুলস্থুল [স্থু]
হুলিয়া
হুলুধ্বনি
হুলুরব
হুলুস্থুল, হুলুস্থুলু [স্থু]
হুলো ['-বেড়াল']
হুল্লুড়ে
হুল্লোড়
হুশ দ্র০ হুঁশ
হুশিয়ার দ্র০ হুঁশিয়ার
হুশিয়ারি দ্র০ হুঁশিয়ারি
হুস
হুসহুস
হুহু
হুহুংকার
হুহুংকৃত
হূণ দ্র০ হুন
হৃত তু০ অপহৃত
হৃৎকমল
হৃৎকম্প [ৎ]
হৃতগৌরব
হৃৎপঞ্জর
হৃৎপিঞ্জর
হৃৎপিণ্ড [ণ্ড]
হৃৎপোষিত
হৃতরাজ্য
হৃতসম্মান
হৃতসর্বস্ব
হৃৎস্পন্দন
হৃদ্‌গত কি০ হৃৎপিণ্ড
হৃদ্‌জাত

হৃদ্‌ধৃত
হৃদ্‌বিকলতা
হৃদ্‌বৈকল্য
হৃদ্‌যন্ত্র
হৃদয়
হৃদয়ংগম
হৃদয়কলি
হৃদয়কারাগার
হৃদয়কুসুম
হৃদয়গত
হৃদয়গহন
হৃদয়গ্রাহিতা [হি]
হৃদয়গ্রাহী [হী]
হৃদয়চর্চা
হৃদয়চর্যা
হৃদয়চারিতা
হৃদয়বন্ধন
হৃদয়বল্লভ
হৃদয়বসন্ত
হৃদয়বান, +তা
হৃদয়বাসনা
হৃদয়বাসিনী
হৃদয়বাসী
হৃদয়বিদারক
হৃদয়বিদারণ
হৃদয়-বিনিময়
হৃদয়বৃত্তি
হৃদয়বেদনা
হৃদয়ব্যথা
হৃদয়ভাব
হৃদয়ভার
হৃদয়ভেদী
হৃদয়মন্দির
হৃদয়শূন্য
হৃদয়স্পর্শী
হৃদয়হরণ
হৃদয়হারিণী [রি ণী]
হৃদয়হীন, +তা
হৃদয়াকাঙ্ক্ষা
হৃদয়াবেগ
হৃদয়াভ্যন্তর
হৃদয়াশ্রিত
হৃদয়াসন
হৃদয়াসীন
হৃদয়েশ
হৃদ্‌রোগ
হৃদ্‌রোগবিশেষজ্ঞ
হৃদ্‌রোগিণী [গি ণী]
হৃদ্‌রোগী [গী]
হৃদি
হৃদিবল্লভ
হৃদিস্থিত
হৃদ্য, হৃদ্যতা
হৃষিত [ষি]
হৃষীকেশ [হৃষীক+ঈশ]
হৃষ্ট [ষ্ট], +তা
হৃষ্টচিত্ত
হৃষ্টপুষ্ট [ষ্ট, ষ্ট], +তা
হৃষ্টরূপ
হেঁইয়ো
হেঁচকি
হেঁজিপেজি
হেঁট
হেঁটমুণ্ড [ণ্ড]
হেঁড়ে
হেঁতাল
হেঁপো
হেঁয়ালি [লি]
হেঁশেল [শ]
হেঁসো [স]
হেকমত দ্র০ হিকতম
হেক্টর
হেক্টাগোন
হেড
হেড অফিস
হেডক্লার্ক
হেডপন্ডিত
হেডমৌলবি
হেডমাস্টার [স্ট]
হেডমিস্ট্রেস
হেডলাইন
হেডস্যার
হেডিং
হেতু
হেতুবাদ
হেতুশাস্ত্র
হেত্বর্থ [হেতু+অর্থ]
হেত্বর্থবিচার
হেত্বাভাস ‘ ’
হেথা, হেথায়
হেথাকার ‘এখানকার’
হেন [উচ্চা০ হ্যানো]
হেনতেন
হেনস্তা
হেনা
হেপাজত [ত]
হেম
হেমকলা
হেমকান্তি
হেমকুণ্ড [ণ্ড]
হেমকূট
হেমন্ত
হেমন্তকাল
হেমন্তকালিক [লি]
হেমন্তকালীন [লী]
হেমন্তকালীয় [লী]
হেমন্তিকা
হেমপুষ্প
হেমবিভা
হেমাঙ্গ
হেমাঙ্গিনি [ঙ্গি নি]
হেমাঙ্গী [ঙ্গী]
হেমাভ, হেমাভা
হেয়, +তা
হেরফের
হেরম্ব
হেরা
হেরাহেরি দ্র০ হারাহারি
হেরিটেজ ‘ ’
হেলদোল

হেলা ‘অবজ্ঞা’
(উচ্চা০ হ্যালা)
হেলাছেদ্দা
হেলান [‘-দেওয়া’]
হেলাফেলা
হেলিকপ্টার
হেলিপ্যাড
হেলিয়োট্রোপ
হেলে
হেলেঞ্চা
হেল্পার
হেসেখেলে
হেস্তনেস্ত
হৈচৈ দ্র০ হইচই
হৈম
হৈমন্তিক, হৈমন্তিকা
হৈমন্তী [ন্তী]
হৈমবতী [তী]
হৈয়ঙ্গবীন [ঙ্গ বী]
‘টাটকা ঘি’
হৈহয়
হৈহৈ দ্র০ হইহই
হোঁচট
হোঁতকা [ত]
হোঁদলকুতকুত
হোগলা
হোটেল
হোড়
হোতা
হোত্রী
হোথা, হোথায়
হোম
হোমকাষ্ঠ
হোমকুণ্ড [ণ্ড]
হোমরাচোমরা [র, র]
হোমশিখা
হোমাগ্নি
হোমানল
হোমিয়োপ্যাথ
হোমিয়োপ্যাথি
হোমিয়োপ্যাথিক
হোমী [মী]
হোরা ‘লগ্ন’
হোরিখেলা
হোলি [লি]
হোল্ডার
হোহো
হৌজ ‘বড়ো চৌবাচ্চা’
হৌস ‘ ’
হ্বান ‘আহ্বান’
হ্যাংলা
হ্যাংলাপনা
হ্যাংলামি
হ্যাংলামো
হ্যাঁ
হ্যাঁচকা
হ্যাঁ-না
হ্যাচারি
হ্যাজাক
হ্যাট
হ্যাট করা
হ্যান্ড [ন্ড]
হ্যান্ডনোট
হ্যান্ডবল
হ্যান্ডবিল
হ্যান্ডরাইটিং
হ্যান্ডলুম
হ্যান্ডশেক
হ্যান্ডেল
হ্যাদে
হ্যাপা
হ্যাপিনেস
হ্যারিকেন
হ্যালো
হ্যালোজেন
হ্রদ
হ্রসমান [ন]
হ্রসিমা
হ্রস্ব, +তা, ত্ব
হ্রস্বদীর্ঘজ্ঞান
হ্রস্বীকরণ
হ্রাস
হ্রাসপ্রাপ্ত
হ্রাসবৃদ্ধি
হ্রী
হ্রীমান, হ্রীমতী
হ্রেষা
হ্লাদ
হ্লাদিনী [দি নী]
হ্লাদী [দী]

ব্ + ধ	ব্ধ	ব্ধ
ষ্ + ক	ষ্ক	ষ্ক
ষ্ + ট	ষ্ট	ষ্ট
ষ্ + ঠ	ষ্ঠ	ষ্ঠ
ষ্ + ণ	ষ্ণ	ষ্ণ
ষ্ + প	ষ্প	ষ্প
ষ্ + ম	ষ্ম	ষ্ম
স্ + থ	স্থ	স্থ
হ্ + ম	হ্ম	হ্ম

২.৮ কয়েকটি ক্ষেত্রে যুক্তব্যঞ্জন-চিহ্নের প্রচলিত রূপ অস্বচ্ছ হলেও সেগুলি বজায় রাখা আপাতত অনিবার্য মনে হয়। কেন-না সে-সব ক্ষেত্রে তাদের উচ্চারণ পৃথক ও পরম্পর (sequential) না-হয়ে অন্য একটি উচ্চারণ চলে এসেছে। যেমন : জ্ + ঞ = জ্ঞ (গঁ-, -গ্গঁ)। 'জ্ঞান'-এর উচ্চারণ 'জ্ঞ্ঞান' বা 'জ্‌নান' নয়, যে-উচ্চারণ 'গ্যাঁন' ; তেমনই 'বিজ্ঞান'-এর উচ্চারণ 'বিগ্‌গ্যাঁন'। এরকমভাবেই উচ্চারণ পালটে গেছে ক্ষ (ক্ + ষ) চিহ্নটির, যা প্রতিবেশ অনুসারে কখনও শুধু খ, কখনও-বা ক্‌খ — যেমন : 'ক্ষত' ও 'বিক্ষত'। তাই 'ক্ষ' ও জ্ঞ-এর প্রচলিত রূপই থাকবে।

২.৯ আরও কয়েকটি ক্ষেত্রে যুক্তবর্ণের প্রচলিত অস্বচ্ছ বা প্রায়স্বচ্ছ রূপ পালটাতে গেলে অহেতুক জটিলতা বাড়বে মনে করে সেগুলির প্রচলিত রূপ বজায় রাখাই সমীচীন। সেগুলি এই :

ট্ট (ট্ + ট) ত্ত (ত্ + ত) ত্থ (ত্ + থ) ত্র (ত্ + র) ভ্র (ভ্ + র) হ্ন (হ্ + ন)

২.১০ অ-তৎসম, বিশেষত বিদেশি ঋণশব্দের বানানে প্রয়োজন হতে পারে বলে এই যুক্তব্যঞ্জনবর্ণগুলিও গ্রাহ্য :

ক্ + ট = ক্ট
ন্ + ট = ন্ট
ন্ + ঠ = ন্ঠ
ন্ + ড = ন্ড
ন্ + ঢ = ন্ঢ
স্ + ট = স্ট

তবে শিক্ষার্থীদের ক্ষেত্রে ণ্ট ও ন্ট, ণ্ঠ ও ন্ঠ এবং ণ্ড ও ন্ড-এর পার্থক্য চিনিয়ে দেওয়া জরুরি। ণ-এর সঙ্গে যুক্ত ট ঠ ড ঢ কেবল তৎসম শব্দে রক্ষিত। অ-তৎসম শব্দে ট-বর্গে মূর্ধন্য ণ যোগ বাধ্যতামূলক নয়। কিন্তু মুদ্রণে প্রায়ই এ পার্থক্য রক্ষিত হয় না। এ সম্বন্ধে সতর্কতা বাঞ্ছনীয়।

২.১১ ভাষায় নতুন নতুন শব্দগ্রহণের ক্ষেত্রে নতুন যুক্তব্যঞ্জনের সম্ভাবনাও ক্রমবর্ধমান। স্বচ্ছতা রক্ষা করে এই জাতীয় যুক্তব্যঞ্জন গঠিত হতে পারে। যথা :

ল্ + ট = ল্ট
ল্ + ফ = ল্ফ

২.১২ 'ব' এবং 'য'-এর উচ্চারণ যেখানে পৃথকভাবে যথাক্রমে ব এবং জ রূপে করা হয় সেখানে ব-ফলা এবং য-ফলার বদলে 'ব' ও 'য' আলাদা ভেঙে লেখাই উচিত, নইলে উচ্চারণ-

বিভ্রমের সম্ভাবনা থাকে। তাই লিখতে হবে : উদ্‌বাস্তু উদ্‌বিগ্ন উদ্‌বেগ উদ্‌বেল উদ্‌বো[illegible] উদ্‌যুক্ত। উদ্বাস্তু উদ্বিগ্ন উদ্বেগ উদ্বেল উদ্বোধন উদ্যুক্ত ইত্যাদি নয়।

২.১৩ উদ্যোগ যদি 'উদ্‌জোগ্‌' রূপে উচ্চারণ করা হয়, তবে তা 'উদ্‌যোগ' আকারে [illegible] হবে। ব-ফলা য-ফলার আলাদা ব ও জ উচ্চারণ না থাকলে ব-ফলা য-ফলাই থাকবে, [illegible] অদ্বৈত বিদ্বান উদ্যম উদ্যান ইত্যাদি।

বানান-বিষয়ে সিদ্ধান্ত

৩. তৎসম শব্দে

৩.১ সংস্কৃত শব্দভাণ্ডারের অন্তর্গত যাবতীয় শব্দই বাংলা ভাষায় ঋণশব্দ বা তৎসম রূপে পরিচিত। তবে বাংলায় তার ব্যবহার সংস্কৃত ব্যাকরণের সূত্রে এবং বাংলা ব্যাকরণের প্রচলিত রীতি বা সূত্রেও সম্পন্ন হয়। সেক্ষেত্রে এই জাতীয় 'বাংলা শব্দ' ও 'তৎসম' অভিন্নার্থক। সংস্কৃত তৎসম শব্দ বলতে আদি বৈদিক যুগের শব্দ এবং পরবর্তী যুগের নির্মিত সংস্কৃত শব্দ উভয়কেই বোঝায়, এমনকি দেশি বা অজ্ঞাতমূল বাংলা শব্দের কৃত্রিম সংস্কৃতায়িত শব্দও তৎসম-রূপে পরিগণিত। যেমন, প্রোথিত শব্দের মূল প্রোথ্‌ কল্পিত ধাতু, ∴ পোঁতা শব্দের পুনর্নির্মাণ মাত্র।

৩.২ সংস্কৃত ভাষার শব্দ যা ঋণশব্দ বা তৎসম রূপে বাংলা ভাষায় ব্যবহৃত হয়ে আসছে তার বানান সংস্কৃত ব্যাকরণ সূত্রানুযায়ী পূর্বনির্ধারিত, সেগুলির ইচ্ছাকৃত পরিবর্তনের কোনো প্রশ্নই ওঠে না। কিন্তু সংস্কৃত ব্যাকরণেই বহু শব্দের বিকল্প বানান থাকায় বাংলা ভাষার ধ্বনি ও উচ্চারণরীতির কারণে তার একটিকে সর্বদা-ব্যবহার্যরূপে গ্রহণ করা যেতে পারে। তা ছাড়া বাংলা ব্যাকরণসম্মত প্রত্যয়-ব্যবহারে, সমাস-ব্যবহারে বা সন্ধি-সূত্রানুসারে কোনো কোনো বানান বাংলায় দীর্ঘকাল যাবৎ ঈষৎ স্বতন্ত্রতা লাভ করেছে। সেগুলিকেও তৎসম শব্দানুরূপ মান্যতা দেওয়া যেতে পারে। উল্লেখযোগ্য যে, বাংলা আকাদেমি-প্রকাশিত সর্বশেষ সংস্করণ বানান অভিধানে তৎসম শব্দগুলি স্বাতন্ত্র্যচিহ্নিত করা হয়েছে। এইসব বিষয়ে বহু আলোচনা পর্যালোচনা ও বিবেচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তগুলি পর্যায়ক্রমে সূত্রবন্ধ করা হল।

৪ হ্রস্ব-দীর্ঘ স্বরচিহ্ন

৪.১ তৎসম শব্দের ক্ষেত্রে যেখানে হ্রস্ব ই উ/ই-কার উ-কার এবং দীর্ঘ ঈ ঊ/ঈ-কার ঊ-কার দুটি রূপই প্রচলিত ও গৃহীত, সেখানে সাধারণভাবে হ্রস্ব বিকল্পটিকেও গ্রহণ করা পূর্বোক্ত কারণেই যুক্তিসংগত। তাই : অঙ্গুরি-অঙ্গুরী অন্তরিক্ষ-অন্তরীক্ষ উষা-ঊষা উর্ণনাভ-ঊর্ণনাভ কুটির-কুটীর ইত্যাদি উদাহরণ-যুগ্মকের প্রথম বিকল্পটি বাংলা লেখা ও মুদ্রণে একমাত্ররূপে গৃহীত হতে পারে। এইরকম একটি তালিকা নীচে দেওয়া হল :

অঙ্গুরি অঙ্গুলি অবনি আকৃতি -আবলি (= দীপাবলি) উর্বসী উষা ক্ষৌণি চিৎকার তূলিকা ত্রুটি দরি দ্রোণি ধমনি ধরণি ধূলি নাড়ি পঙ্‌ক্তি পদবি পল্লি পাটি পুত্তলি পুরন্ধ্রি পেশি বেণি বেদি ভৃঙ্গি ভেরি রজনি শ্রেণি সরণি সারণি সুরভি সূচি ইত্যাদি। বাংলা আকাদেমি প্রকাশিত সর্বশেষ সংস্করণ বানান অভিধানে এইজাতীয় শব্দ তারকাচিহ্নিত করা আছে।

উল্লেখ্য, তালিকা-বহির্ভূত তৎসম শব্দের বানানে হ্রস্ব স্বরের বিকল্প না-থাকলে দীর্ঘ স্বরচিহ্নই লিখতে হবে।

৪.২ সংস্কৃত-ইন্‌ প্রত্যয়ান্ত শব্দ

সংস্কৃত ইন্‌-প্রত্যয়ান্ত শব্দগুলি (অধিকারিন্‌ অধিবাসিন্‌ অভিমুখিন্‌, আততায়িন্‌ একাকিন্‌ কৃতিন্‌ গুণিন্‌ জ্ঞানিন্‌ তন্ত্রিন্‌ দ্বেষিন্‌ ধনিন্‌ পক্ষিন্‌ বিদ্রোহিন্‌ মন্ত্রিন্‌ রোগিন্‌ শশিন্‌ সহযোগিন্‌

ইত্যাদি) কর্তৃকারকের একবচনে দীর্ঘ ঈ-কারান্ত হয় এবং এই দীর্ঘ ঈ-কারান্ত রূপেই এগুলি বাংলা শব্দে পরিণত—অধিকারী অধিবাসী অভিমুখী আততায়ী একাকী কৃতী গুণী জ্ঞানী তন্ত্রী দ্বেষী ধনী পক্ষী বিদ্রোহী মন্ত্রী রোগী শশী সহযোগী ইত্যাদি। সংস্কৃত ব্যাকরণের নিয়মে সমাসবদ্ধ কিংবা সংস্কৃত-প্রত্যয়যুক্ত হলে এইসব শব্দের দীর্ঘ ঈ-কার আবার হ্রস্ব ই-কারে ফিরে যায়। যেমন : গুণিজন পক্ষিকুল মন্ত্রিসভা শশিভূষণ বা একাকিত্ব কৃতিত্ব সহযোগিতা ইত্যাদি। কিন্তু বাংলা বানান-ব্যবহারে এই নিয়মেরও প্রচুর ব্যতিক্রম দেখা যায়। যেমন : আগামীকাল আততায়ীদ্বয় ধনীসমাজ পরবর্তীকাল প্রাণীবিদ্যা মন্ত্রীদল হস্তীদল ইত্যাদি।

এই জাতীয় অসামঞ্জস্য দূর করা প্রায় অসম্ভব। তবু বাংলা বানানে অনুরূপ শব্দে সমতাবিধানের জন্য বিধিসম্মত সিদ্ধান্ত হল :

সমাসবদ্ধ শব্দের ক্ষেত্রে সংস্কৃত মূল শব্দটিকে দীর্ঘ ঈ-কারান্ত 'বাংলা শব্দ' ধরে নেওয়া হোক। অর্থাৎ, সমাসবদ্ধ হলেও তার দীর্ঘ ঈ-কারের ব্যত্যয় না ঘটানো বাঞ্ছনীয়। তাই — অনুগামীবৃন্দ আগামীকাল পরবর্তীকাল মন্ত্রীগণ মন্ত্রীসভা শশীভূষণ যশস্বীগণ ইত্যাদি রূপই গ্রহণযোগ্য হবে।

তৎসম -ত্ব ও -তা প্রত্যয় যোগ করা হলে এইসব শব্দের হ্রস্ব ই-কারান্ত (অর্থাৎ ইন্ ও বিন্-এর ন্ লোপের পর যা থাকে) মূল প্রাতিপদিকরূপেই লেখা হবে। যেমন, তেজস্বিতা প্রতিদ্বন্দ্বিতা প্রতিযোগিতা মন্ত্রিত্ব মেধাবিত্ব সহমর্মিতা স্থায়িত্ব ইত্যাদি। এর উদ্দেশ্য, সংস্কৃত ব্যাকরণের সূত্রে ভিন্নতা ঘটানো নয় — 'বাংলা শব্দ' রূপে অজস্র তৎসম শব্দকে স্বীকৃতি দেওয়া, অথচ সংস্কৃত ব্যাকরণসূত্রকেও মান্যতা দেওয়া।

একই কারণে লিঙ্গান্তরের ক্ষেত্রেও (-ইন্+ঈ >) নী-যোগের আগে ইন্-প্রত্যয়ান্ত শব্দে এই নিয়ম পালিত হবে, যেমন : তেজস্বিনী প্রতিদ্বন্দ্বিনী প্রতিযোগিনী।

অবশ্য অ-তৎসম প্রত্যয় যুক্ত হলেও উপরের 'মন্ত্রীগণ'-সংক্রান্ত বিধি প্রযোজ্য হবে। যেমন, মন্ত্রীগিরি।

তবে সংস্কৃত ব্যাকরণের নিয়মের অভ্যাসবশত মন্ত্রিসভা শশিভূষণ ইত্যাদি লেখা চলতে পারে। সেক্ষেত্রে সমাসবদ্ধ সম্পূর্ণ শব্দটি তৎসমরূপে গণ্য।

৪.৩ কোনো কোনো তৎসম শব্দে বাংলা প্রত্যয় -ই লাগিয়ে বিশেষণ করা যায়। যেমন : আমনি উত্তরপ্রদেশি উদয়পুরি কৃত্তিবাসি জনকপুরি জনসংঘি দক্ষিণি দেশি পশ্চিমি প্রণামি [illegible]দি(-ফুল) বয়সি বিদেশি বিহারি মণিপুরি রামপ্রসাদি স্বদেশি হিন্দুস্থানি ইত্যাদি। (পণ্ডিত [illegible]ক বিশেষ্য পণ্ডিতি-তেও হ্রস্ব ই-কার প্রযোজ্য।) এই প্রত্যয় অর্থ বা প্রয়োগের দিক থেকে [illegible]ত ইন্ বা বিন্ প্রত্যয়ের সমতুল্য নয়। তাই এ ধরনের নানা শব্দে দীর্ঘ ঈ-কার দেবার [illegible]জন নেই। বিশেষ্য রূপে প্রযুক্ত হলে এই জাতীয় শব্দে লিঙ্গান্তরের ক্ষেত্রে বাংলা -নি [illegible]য় ব্যবহৃত হতে পারে। যেমন : বয়সিনি বিদেশিনি।

৪.৪ 'পূর্বে ছিল না পরে হয়েছে' এই অর্থে সংস্কৃত নিয়মে অভূততদ্ভাবে -চ্বি প্রত্যয় যোগ [illegible]ন প্রত্যয়-পূর্ব শব্দের সঙ্গে ঈ-কার যুক্ত হয়। যেমন : সমীকরণ বশীকরণ ইত্যাদি। এবং [illegible]দে হ্রস্ব উ থাকলে দীর্ঘ ঊ হয় : যথা লঘূকরণ।

[illegible]র্তমানে প্রচলিত বাংলা লেখায় এই নিয়ম সর্বত্র ও সর্বদা অনুসৃত হয় না। সুতরাং এই-[illegible]র নতুন শব্দ তৈরির ক্ষেত্রে বিকল্প পদ্ধতি হতে পারে : মূল শব্দ + -করণ -ভবন। এসব [illegible] প্রথম পদের শেষ স্বর অপরিবর্তিত থাকবে। উদাহরণ : অশ্বকরণ আর্দ্রভবন (hydration) [illegible]ণ (beautification) নগদকরণ (encashment) বন্ধ্যাকরণ বহুকরণ (multiplication) মেরুকরণ [illegible]isation) রাষ্ট্রায়ত্তকরণ রাষ্ট্রীয়করণ শুদ্ধকরণ ইত্যাদি। সেইভাবে লঘুকরণও গ্রাহ্য হবে।

৫ বিসর্গ (ঃ) চিহ্নের রক্ষা/বর্জন

৫.১ বিসর্গান্ত বাংলা তৎসম শব্দের অন্ত্যবিসর্গ প্রায়শই উচ্চারিত হয় না বলে দীর্ঘকাল ধরে বাংলা লেখায় মুদ্রিত শব্দেও অন্ত্যবিসর্গের প্রয়োগ প্রায় দেখাই যায় না। সংস্কৃত -তস্ বা -শস্ প্রত্যয়ান্ত শব্দগুলিতে অন্ত্যবিসর্গের প্রয়োগ তাই কালক্রমে বর্জিত হতে বসেছে। সেই কারণে সেই জাতীয় শব্দে বর্তমান অন্ত্যবিসর্গের প্রয়োগ সম্পূর্ণ বর্জিত হতে পারে। যেমন, অন্ততঃ উভয়তঃ ক্রমশঃ প্রথমতঃ প্রায়শঃ ফলতঃ বস্তুতঃ বহুশঃ সর্বতঃ শব্দগুলি, বিসর্গহীন রূপে যথাক্রমে অন্তত উভয়ত ক্রমশ প্রথমত প্রায়শ ফলত বস্তুত বহুশ সর্বত লেখা বিধেয়। এই একই সূত্রানুসারে বিসর্গান্ত দুটি শব্দের বিসর্গসন্ধির ক্ষেত্রে দ্বিতীয় পদটির অন্ত্যবিসর্গ বর্জিত হবে।

অহঃ + অহঃ > অহরহ (অহরহঃ নয়)
ইতঃ + ততঃ > ইতস্তত (ইতস্ততঃ নয়)
পুনঃ + পুনঃ > পুনঃপুন (পুনঃপুনঃ নয়)
মুহুঃ + মুহুঃ > মুহুর্মুহু (মুহুর্মুহুঃ নয়)

তবে বিসর্গসন্ধির প্রথম শব্দের অন্ত্যবিসর্গ যেখানে সংস্কৃত সন্ধিসূত্রে অবিকৃত থাকে, বাংলায় তা যথাযথ রক্ষিত হবে। যথা

অতঃ + পর > অতঃপর
অধঃ + পাত > অধঃপাত
অন্তঃ + করণ > অন্তঃকরণ
তপঃ + ক্লিষ্ট > তপঃক্লিষ্ট
তেজঃ + পুঞ্জ > তেজঃপুঞ্জ
বয়ঃ + সন্ধি > বয়ঃসন্ধি
মনঃ + কষ্ট > মনঃকষ্ট
মনঃ + পূত > মনঃপূত
যশঃ + প্রার্থী > যশঃপ্রার্থী
শিরঃ + পীড়া > শিরঃপীড়া

৫.২ 'মনমোহন' এই বানান কোনো কোনো নামে, বিশেষত অবাঙালি নামে দেখা গেলেও, বাংলা বিশেষণ ও নামশব্দ হিসেবে তৎসম মনোমোহন-ই গ্রহণীয়। তবে 'মন' শব্দটিকে বাংলা শব্দ ধরে তাকে পূর্বপদ হিসেবে রেখে সমাস করলে ও-কার যোগ হবে না। যেমন, মনপছন্দ মনপবন মনভোমরা মনমাঝি মনমেজাজ ইত্যাদি। ক্বচিৎ সন্ধির ক্ষেত্রেও এই নিয়ম প্রযোজ্য। যেমন, মনান্তর।

৫.৩ 'ছন্দ' শব্দটিকে অনুরূপ বাংলা শব্দ ধরে নিয়ে সমাসের পূর্বপদে বিসর্গসন্ধিজাত ও-কার বর্জনীয় হতে পারে। যেমন, ছন্দগুরু ছন্দবিজ্ঞান ছন্দমুক্তি ছন্দলিপি ছন্দস্পন্দ।

অনুরূপভাবে, 'চক্ষু' শব্দটিকে বাংলা শব্দ ধরে নিয়ে সমাসে সংস্কৃত ব্যাকরণসিদ্ধ 'চক্ষূরোগ'-এর বদলে 'চক্ষুরোগ' বানান বিধেয়। তবে বহুপ্রচলিত ঐকিক শব্দ হিসাবে 'চক্ষুষ্মাণ' বানান পরিবর্তনের প্রশ্ন ওঠে না। অনুরূপভাবে, জ্যোতির্ময় জ্যোতিষ্মান ইত্যাদি।

৫.৪ দুঃস্থ নিঃস্তব্ধ নিঃস্পৃহ বয়ঃস্থ মনঃস্থ ইত্যাদি শব্দের সংস্কৃত ব্যাকরণসম্মত বিকল্প রূপ প্রচলিত আছে : দুস্থ নিস্তব্ধ নিস্পৃহ বয়স্থ মনস্থ। বিসর্গহীন এই বিকল্প রূপগুলিই সর্বদা ব্যবহার্য হবে। এখানে অবশ্য স্মরণীয় যে, অন্তঃস্থ আর অন্তস্থ দুটি ভিন্নার্থক শব্দ, প্রথমটির অর্থ 'ভিতরকার' (অন্তঃ+স্থ) এবং দ্বিতীয়টির অর্থ 'শেষের' (অন্ত+স্থ)। তাই 'ভিতরকার' অর্থে অন্তঃস্থ শব্দটির বিসর্গ রক্ষিত হবে।

৬ হস্ চিহ্ন

৬.১ পদান্তের হস্ চিহ্নকে পরস্বরহীন অর্থাৎ ব্যঞ্জনান্ত বা হসন্ত-উচ্চারণ বোঝানোর চিহ্ন বা ধ্বনিমাত্রাচিহ্ন (diacritical mark) হিসেবে গণ্য করা হয়। বাংলায় কয়েকটি নির্দিষ্ট ক্ষেত্র ছাড়া সংস্কৃত অ-কারান্ত শব্দ প্রায় সর্বত্র ব্যঞ্জনান্ত উচ্চারিত হয়। এই রীতি অনুসারে পদের শেষে হস্ চিহ্নের ব্যবহার বাহুল্যসূচক, এজন্য নিম্নলিখিত শব্দগুলিতে পদান্ত হস্ বর্জিত হবে : অবাক আপদ আশিস দিক ধিক নিরাপদ পরিষদ পৃথক বণিক বিপদ বিরাট ভিষক সভাসদ সম্পদ সম্রাট ইত্যাদি।

তবে আপৎ শব্দের ক্ষেত্রে সমাসে পূর্বপদের শেষে হসন্তযুক্ত ত (ৎ) ব্যবহৃত হতে পারে। যেমন : আপদ নিরাপদ ; কিন্তু, আপৎকালীন। হস্ চিহ্নের ফলে সন্ধির নিয়মে বর্ণ পরিবর্তিত হতে পারে। যথা পৃথক্ + অন্ন > পৃথগন্ন, বাক্ + অর্থ · বাগর্থ ইত্যাদি'।

৬.২ তদ্ধিত মতুপ্ প্রত্যয়ের হসন্ত মান্ আর কৃৎ শানচ্ প্রত্যয়ের হস্ চিহ্নহীন মান নিয়ে বিভ্রমের অবকাশ থাকলেও উভয় ক্ষেত্রেই হস্‌বিহীন 'মান' ব্যবহৃত হবে। যেমন : কৃৎ বর্তমান বিদ্যমান ম্রিয়মান সৃজ্যমান ; এবং তদ্ধিত রুচিমান শক্তিমান শ্রীমান সংস্কৃতিমান ইত্যাদি। তদ্ধিত মান-এর স্ত্রীলিঙ্গে -মতী, যেমন : শ্রীমতী।

৬.৩ অনুরূপভাবে, তদ্ধিত বতুপ্ প্রত্যয়জাত বান্ বান-রূপে লেখা হবে। যেমন : জ্ঞানবান ধনবান ভগবান ইত্যাদি। স্ত্রীলিঙ্গে -বতী, যেমন ভগবতী রূপবতী ইত্যাদি।

৬.৪ তবে সংস্কৃত ব্যঞ্জনসন্ধি-নিষ্পন্ন কিছু শব্দে পূর্বপদের শেষে হস্ চিহ্ন থাকবে। যেমন : দিগ্‌ভ্রান্ত পৃথক্‌করণ প্রাগ্‌জ্যোতিষ বাক্‌সিদ্ধ বাগ্‌ধারা বাগ্‌রূপ সদ্‌বংশ ইত্যাদি।

৬.৫ ষড়্‌যন্ত্র শব্দটি ষড়যন্ত্র হিসাবেই প্রচলিত হয়ে গেছে ; তেমনই ষড়্‌দর্শন ষড়দর্শন রূপে, ষড়্‌রিপু ষড়রিপু রূপে। এ প্রচলন মান্য করা যেতে পারে।

৭ রেফের নীচে অর্থাৎ রেফযুক্ত বর্ণে ব্যঞ্জনের দ্বিত্ব

৭.১ বাংলা মুদ্রণের প্রায় সময় যুগ থেকে প্রচলিত যাবতীয় রেফযুক্ত ব্যঞ্জনে উক্ত ব্যঞ্জনটির দ্বিত্ব প্রয়োগের সংস্কার ছিল। কলকাতা বিশ্ববিদ্যালয় -অনুমোদিত বানান-পদ্ধতির প্রচার ও প্রচলনের সময় থেকে দ্বিত্ববর্জিত রেফের ব্যবহার বিকল্পরূপে স্বীকৃত হয়।

এখন, রেফের নীচে ব্যঞ্জনের দ্বিত্ব সর্বত্রই বর্জনীয়। দ্বিত্বহীন রেফযুক্ত শব্দগুলির বানান লক্ষণীয়, যেমন : অর্ক অর্চনা অর্জন অর্ধ আচার্য আর্য কর্ম চর্চা তূর্য পূর্ব বর্জন ভট্টাচার্য মূর্ছনা সূর্য স্বর্গ হার্দিক ইতাদি তো বটেই ; এমনকি কৃত্তিকা থেকে উৎপন্ন কার্তিক, বৃত্তি থেকে বার্তিক ইত্যাদি।

৭.২ ব্যঞ্জনের দ্বিত্ব বলতে সেই ব্যঞ্জনেরই দ্বিত্ব বোঝায়। রেফের নীচে যয > র্য্য স্থলে র্য হবে। কিন্তু র্ঘ্য (র্ঘ + য), র্ত্য (র্ত + য), র্দ্য (র্দ + য) ক্ষেত্রে য-ফলা স্বতন্ত্র ব্যঞ্জন, সুতরাং সেটি বর্জিত হওয়ার প্রশ্ন ওঠে না। যেমন : অর্ঘ্য মর্ত্য হার্দ্য ইত্যাদি।

৮ ঙ আর ং

৮.১ ঙ-যুক্ত ব্যঞ্জনস্থলে বিকল্পে ং ব্যবহার নির্বিচারে শুদ্ধ নয় (প্রসঙ্গত ২.১ সূত্র দ্রষ্টব্য)। তৎসম শব্দে সংস্কৃত ব্যাকরণমতে সন্ধি-পরিণামে শব্দের পূর্বপদের শেষ বর্ণ ম্ হলে, পরবর্তী বর্ণ ঙ্ এবং ং উভয়ই শুদ্ধ। অর্থাৎ —

অলম্ + কার	>	অলঙ্কার অলংকার
অহম্ + কার	>	অহঙ্কার অহংকার
ভয়ম্ + কর	>	ভয়ঙ্কর ভয়ংকর

শম্ + কর	>	শঙ্কর শংকর
শুভম্ + কর	>	শুভঙ্কর শুভংকর
সম্ + কর	>	সঙ্কর সংকর
সম্ + গত	>	সঙ্গত সংগত
সম্ + গীত	>	সঙ্গীত সংগীত

এক্ষেত্রে কেবল ং-যুক্ত বানান ব্যবহারই বাঞ্ছনীয়।

৮.২ তবে যেসব শব্দে ম্-এর সন্ধি-পরিণাম হিসাবে ং আসেনি, সেখানে ং ব্যবহার অশুদ্ধ, তাই সম্পূর্ণরূপে পরিহার্য। সুতরাং অঙ্ক (< অনক্ + অল) কখনোই অংক নয়। তাই বংগ নয়, বঙ্গ ; শংকা নয়, শঙ্কা ; সংগে নয়, সঙ্গে লেখাই বিধেয়। অনুরূপ শুদ্ধ বানান :

অঙ্কুশ (< অনক্ বা অঙ্ক্ + উশ)
আকাঙ্ক্ষা (< আ-কাঙ্ক্ + টাপ্)
আতঙ্ক (< আ-তনক্ বা তঙ্ক্ + ঘঞ)
কঙ্কাল (< কনক্ বা কঙ্ক্ + আলন)
পঙ্ক (< পনক্ বা পঙ্ক্ + ঘঞ)
ভঙ্গ (< ভনজ্ + ঘঞ)
রঙ্গ (< রনজ্ + ঘঞ)
সঙ্গ (< সনজ্ + ঘঞ) ইত্যাদি লেখা বিধেয়।

৮.৩ সম্ + গীত সংগীত হলেও সম্ + বোধন কিন্তু সংবোধন নয়, সম্বোধন। ম্-এর পরে বর্গীয় ব থাকলে তা ম্-ই থাকবে, ং হবে না ; ম্-এর পরে অন্তঃস্থ ব থাকলে তবেই সেটা ং হবে। তাই, কিংবদন্তি কিংবা প্রিয়ংবদা সংবর্ধনা সংবাদ ইত্যাদি ; কিন্তু সম্বন্ধ সম্মুখ সম্বোধন সম্বোধি ইত্যাদি।

৯ কিছু বিশেষ্য শব্দের য-ফলা

দারিদ্র্য, বৈচিত্র্য ইত্যাদি কোনো কোনো তৎসম শব্দে য-ফলাহীন বিকল্প বানান সংস্কৃতেই লক্ষ করা যায়। কিন্তু কোনো কোনোটির ক্ষেত্রে য-ফলাহীন বানান মনিয়ের উইলিয়ামস w.r. বা wrong reading হিসেবে দেখিয়েছেন। বিভ্রমহীন সমতার জন্য, এ-জাতীয় সমস্ত শব্দই য-ফলাহীন বিকল্পের বদলে য-ফলা দিয়ে লেখা হবে। যেমন : চারিত্র্য দারিদ্র্য বৈচিত্র্য বৈদগ্ধ্য সৌগন্ধ্য সৌহার্দ্য ইত্যাদি।

১০ শ ষ স

কোনো কোনো তৎসম শব্দের বানানের ক্ষেত্রে শ-ষ বা শ-স দুটোই সংস্কৃত অভিধানে স্বীকৃত। যথা : কোশ-কোষ উশীর-উষীর কিশলয়-কিসলয় শায়ক-সায়ক ইত্যাদি। সেগুলির ক্ষেত্রে শুধু শ ব্যবহার করা যেতে পারে। পরিশিষ্ট ৩ দ্রষ্টব্য।

বানান-বিষয়ে সিদ্ধান্ত

১১. অ-তৎসম শব্দে

১১.১ বাংলা অ-তৎসম শব্দ বলতে, সংস্কৃত তৎসম শব্দের ধ্বনিবিকারে অর্ধতৎসম/ভগ্নতৎসম শব্দ রূপে পরিণত, ধারাবাহিক পরিবর্তনে তদ্ভব রূপে রূপান্তরিত, অস্ট্রিক বা দ্রাবিড়মূল শব্দের ধ্বনিপরিবর্তন-জাত বিকারে রূপান্তরিত, অথবা দেশি রূপে চিহ্নিত, অথবা আরবি-ফারসি-তুর্কি থেকে আগত, অথবা অ-ভারতীয় বিদেশি শব্দজাত অথবা ঋণশব্দ ইত্যাদি বিবিধ শব্দশ্রেণিকেই

বোঝায়। এগুলির মধ্যে উত্তরাধিকার-সূত্রে আগত অ-তৎসম শব্দে মূলের ধ্বনি, স্বর বা ব্যঞ্জন, উভয়ক্ষেত্রেই পরিবর্তন বা বিকার ঘটে গেছে। সুতরাং সেইসব শব্দের বানানে মূলের ধ্বনিরূপের প্রতি বিশ্বস্ত থাকার বা সারূপ্য রক্ষার প্রশ্নটি অধিকাংশ স্থলে নিছক সংস্কার মাত্র। সেই জাতীয় শব্দের বানানকে, স্বর ও ব্যঞ্জনভেদে, উচ্চারণের সমীপবর্তী বা অনুকূল করাই বানান-সংস্কারের তথা সমতাবিধানের মূলসূত্র হওয়া উচিত। তবে ব্যতিক্রম ঘটলে সেই সেই ক্ষেত্রে ব্যতিক্রমের স্বতন্ত্র কারণ বা ব্যখ্যা থাকতে পারে। দুই ভাষার মিশ্র শব্দ বা সংকর (hybrid) শব্দের ক্ষেত্রেও (যথা হেড + পণ্ডিত) সাধারণত একই রীতি প্রযোজ্য।

১১.২ হ্রস্ব ই-কার ও দীর্ঘ ঈ-কার

একদা কলকাতা বিশ্ববিদ্যালয়ের বানান-সমিতি অ-তৎসম শব্দের দীর্ঘ ঈ-কারের পরিবর্তিত রূপ হ্রস্ব ই-কারকে স্বীকার করে হ্রস্ব-দীর্ঘ দুটি বানানই বিকল্পে ব্যবহারযোগ্য বলে বিবেচনা করেছিলেন। তদবধি কুমীর-কুমির পাখী-পাখি প্রভৃতি দুটি রূপই প্রচলিত। এখন, অ-তৎসম শব্দে দীর্ঘ ঈ-কারযুক্ত বিকল্প রূপটি সম্পূর্ণভাবে বর্জনীয়। এই অনুসারে প্রায় সর্বপ্রকার অ-তৎসম শব্দে বিকল্প দীর্ঘ ঈ পরিহার করে কেবল হ্রস্ব ই-কার ব্যবহৃত হবে। যথা :

কুমির গাড়ি চাঁদনি ছেনি দিঘল দিঘি দিয়াশলাই নিলা পশমি পাখি পারানি পিরিতি বাড়ি বাঁশরি বাঁশি রাখি সুপারি সেঁউতি হাতি হিরে ইত্যাদি।

১১.৩ কাহিনি তদ্ভব শব্দ (কথনিকা > কহনিআ > কহানী/কাহিনি), ফলে এতে দীর্ঘ ঈ-কার রাখার কোনো যুক্তি নেই। চিন চিনা-ও প্রাচীন বাংলায় চিনা (কঙ্কুচিনা) হিসেবেই পাই। চিনাবাদামও প্রচলিত। ফলে এই দেশনামটিকে তৎসম রূপে গণ্য করা অসংগত। তবু চিন ও চীন বিকল্প রাখা হল। গাভী-ও তৎসম নয়। ফলে এ শব্দটি গাভি হিসেবে লেখাই সংগত।

প্রসঙ্গত বাংলা আকাদেমি বানান অভিধানে যথাস্থানে এইজাতীয় শব্দের পূর্ণ তালিকা পাওয়া যাবে।

১১.৪ সংস্কৃত স্ত্রীবাচক প্রত্যয়ের নীতি অনুসারে অ-তৎসম শব্দেও দীর্ঘ ঈ-কার (বা -নী -কার) দিয়ে স্ত্রীলিঙ্গ বোঝানোর রীতি এখনও কমবেশি চলছে। ব্যাপকতর সমতার জন্য তাই সিদ্ধান্ত : এ ক্ষেত্রেও হ্রস্ব ই-কারের (নি-কারের) ব্যবহার হবে। তাই লেখা হবে, কাকি(-মা) কামারনি খান্ডারনি খুকি খুড়ি খেঁদি গয়লানি চাকরানি চাচি ছুঁড়ি ছুকরি জেঠি(-মা) ঝি ঠাকুরানি দিদি(-মা) নেকি পাগলি পিসি(-মা) পেঁচি বাঘিনি বামনি বেটি ভেড়ি মামি(-মা) মাসি(-মা) মুদিনি মেথরানি রানি সাপিনি সোহাগিনি স্যাঙাতনি ইত্যাদি।

১১.৫ জীবিকা ভাষা-সম্প্রদায় গোষ্ঠী জাতি ইত্যাদি বোঝানোর জন্য যে ই-কারান্ত প্রত্যয় ব্যবহার করা হয় তা দীর্ঘ ঈ-কার হবে না, সবসময় হ্রস্ব ই-কার হবে। যেমন :

উজিরি ওকালতি জজিয়তি জমিদারি ডাকাতি ডাক্তারি নবাবি ফকিরি বরকন্দাজি ব্যারিস্টারি মাতব্বরি মাস্টারি মোক্তারি হাকিমি ইত্যাদি।

আরবি ইংরেজি কাশ্মীরি গুজরাতি পাঞ্জাবি ফরাসি ফারসি ভিয়েতনামি মারাঠি মালয়ালি মৈথিলি সিন্ধি হিন্দি ইত্যাদি।

অকালি কংগ্রেসি ঝাড়খন্ডি ইত্যাদি।

ইরাকি ইরানি ওড়িশি কাবুলি জাপানি পশ্চিমি পাকিস্তানি বর্মি বাংলাদেশি বাঙালি বিহারি লাডাকি হানাফি ইত্যাদি।

১১.৬ কিছু অ-তৎসম, মিশ্র ও বিদেশি বিশেষণ শব্দে যে ই-প্রত্যয় যুক্ত হয় তাও হ্রস্ব ই-কার দিয়েই লিখতে হবে। এ প্রসঙ্গে পূর্ববর্তী তালিকার অতিরিক্ত কয়েকটি শব্দ। যেমন :

আন্দাজি আসামি কাবরারি কয়েদি কুদরতি খানদানি খুনি গায়েবি জঙ্গি জরুরি জাহাজি তুফানি তেজারতি দরকারি দরদি দেশি ধানি(-রং) নজরবন্দি নাকি(-স্বর) ফরায়েজি বন্দি (=কয়েদি) ভিনদেশি মজলিশি মরমি মরশুমি মুলতুবি মৌসুমি রাজি শরবতি সরকারি হজমি হিসাবি/হিসেবি ইত্যাদি।

১১.৭ কিছু দেশি-বিদেশি সাধারণ বিশেষ্য শব্দেও হ্রস্ব ই-কার লেখা হবে। যেমন :

কবুলতি কাঁসারি কেরামতি কোরবানি ক্যারদানি খবরদারি গোলামি চালাকি চালিয়াতি জবানবন্দি জালিয়াতি টিটকিরি ঠগি ঠুংরি ডুগডুগি ঢাকি (যারা ঢাক বাজায়) থানকুনি দেহলি পড়শি ফরিয়াদি সরফরাজি সালিশি হম্বিতম্বি হালালি হুজ্জতি ইত্যাদি।

১১.৮ সংস্কৃত -ঈয় প্রত্যয় যদি বিশেষণার্থে বিদেশি শব্দ বা অ-তৎসম শব্দ বা শব্দাংশের সঙ্গে যুক্ত হয় সে ক্ষেত্রে দীর্ঘ ঈ-কার বজায় রাখতে হবে। যেমন : অস্ট্রেলীয় আর্টেজীয় আলজিরীয় ইউরোপীয় ইতালীয় এশীয় কানাডীয় ক্যারিবীয় ক্যালাডোনীয় জর্জীয় পোলিনেশীয় লাইবিরীয় সাইবেরীয় ইত্যাদি।

১২ কী/কি

১২.১ 'কী'-র অর্থগত প্রয়োগ কখনো কর্মবাচক সর্বনাম, কখনো প্রশ্নমূলক সর্বনাম, কখনো বিশেষণের বিশেষণ : তুমি কী দেখেছ বলবে তো! বা কী চমৎকার! 'কী শোভা কী ছায়া গো'! বিকল্পাত্মক বিশেষণ হিসেবেও কী ব্যবহৃত হবে : কী রাম কী শ্যাম, দুটোই সমান পাজি! এইসঙ্গে সমজাতীয় ব্যাকরণসূত্রে কীসে এবং কীসের দীর্ঘ ঈ-কার দিয়ে লেখা উচিত এবং তার প্রচলন বাড়ছে।

তুমি কী দেখেছ? — এর উত্তর হবে শ্রোতা যা দেখেছে, নাম বা বর্ণনা।

এ রকম আরও প্রয়োগ — কী চা? কী ভেবেছ? 'ওরে কী শুনেছিস ঘুমের ঘোরে'।

কীভাবে, কীরকম, কীজ ন্য, কী রে, কী হে — এগুলিতেও কী হবে।

১২.২ কিন্তু, যে-প্রশ্নের উত্তর 'হ্যাঁ হবে কিংবা 'না' হবে (Yes-No question), সে-ক্ষেত্রেই শুধু হ্রস্ব ই-কারযুক্ত কি ব্যবহৃত হবে :

তুমি কি বইটা দেখেছে? —এর উত্তর হবে হ্যাঁ কিংবা না।

উচ্চারণে হ্যাঁ-না প্রশ্নের কি-তে বল (stress) নেই, কিন্তু অন্য কী-তে আছে। তাতেও এ দুটি পৃথক হয়ে যায়। চাই-কি, বই-কি, এমনকি-তেও কি-তে হ্রস্ব ই-কার এই যুক্তিতেই গ্রহণীয়।

এই প্রসঙ্গে ২৮.৪ ২৮.৫ এবং ২৮.৬ সূত্রগুলিও পরিপূরক সূত্র হিসেবে দ্রষ্টব্য।

১২.৩ বিনির্দেশক (exclusive) ই-প্রত্যয় অন্তত গদ্যে পৃথকভাবে লেখাই সংগত। তাই, আজি কেবলি তোমারি সকলি এই বানান নয়,সঠিক বানান হবে — আজই কেবলই তোমারই সকলই। গদ্যের ক্ষেত্রে এমনি, তেমনি, যেমনি বানানগুলিও উচ্চারণানুসারে ব্যবহৃত হবে। পদ্যে মিল বা ছন্দের প্রয়োজনে অথবা প্রথাবশত এর ব্যতিক্রম হয়ে থাকে। যথা : 'যৌবনেরই ঝড় উঠেছে', 'এমনি করে ঘুরিব দূরে বাহিরে' ইত্যাদি।

১৩ হ্রস্ব উ-কার, দীর্ঘ ঊ-কার

১৩.১ অ-তৎসম শব্দে বিকল্পহীনভাবে হ্রস্ব উ-কার ব্যবহার সর্বতোভাবে সমর্থনযোগ্য। সুতরাং — ধূলো পূজো না-লিখে লিখতে হবে ধুলো পুজো। এ-রকমভাবেই : উনিশ চুন চুনি চুল জুয়া পুব ইত্যাদি।

১৩.২ দীর্ঘ ঊ-কারযুক্ত তৎসম শব্দের সঙ্গে বাংলা প্রত্যয় কিংবা শব্দ যুক্ত হলেও দ্রুত অর্থবোধের সহায়ক বলে মূলের দীর্ঘ ঊ/ঊ-কার বজায় রাখাই বিধেয়। তাই, ধূর্তামি মূর্খামি পূজারি। সেক্ষেত্রে শব্দটি বাংলা শব্দ রূপেই গ্রাহ্য হবে।

১৩.৩ কিন্তু শব্দগুলি অর্ধতৎসম রূপ গ্রহণ করলে দীর্ঘ উ-কারের বদলে হ্রস্ব উ-কারই গৃহীত হবে। যেমন : উনতিরিশ উনচল্লিশ উনপঞ্চাশ উনপাঁজুরে ধুতুমি মুক্‌সুমি পুজুরি ইত্যাদি।

অর্থাৎ তদ্ভব ও অর্ধতৎসম কথ্যরূপে যে শব্দগুলি পাই সে-সবের বানানে ব্যুৎপত্তি থেকে উচ্চারণের দিকে কিছুটা সরে আসা বাঞ্ছনীয়।

১৪ ও-কার

১৪.১ ও-ধ্বনির উচ্চারণ বোঝানোর জন্য কোনো কোনো শব্দের বানানে ও-কার যোগ করা সংগত কি না — এই সমস্যার নিরসনে সিদ্ধান্ত হল, এইসব শব্দে ও-কারান্ত রূপ থাকুক। যেমন :

কালো খাটো ছোটো ছোটোগল্প বড়ো বড়োদিন ভালো ভালোবাসা মতো ইত্যাদি।

এগারো বারো তেরো চোদ্দো পনেরো ষোলো সতেরো আঠারো ইত্যাদি।

কিন্তু, এত কত তত যত ইত্যাদি শব্দে ও-কার অপ্রয়োজন।

১৪.২ কোন্‌-কোন-কোনো-কোনও — এই বানানগুলির মধ্যে দুটি ভিন্ন অর্থে 'কোন্‌' (বিশেষ-বোধক প্রশ্নবাচক সর্বনাম, particularising which) আর 'কোনো' (অনিশ্চয়সূচক সর্বনাম, some, any) বোঝাতে ব্যবহার করা হবে। অনেকগুলির মধ্যে কয়েকটি বোঝানোর জন্য লেখা হবে 'কোনো কোনো'।

তেমনিভাবে, কখনও, কখনোই ; আরও, কিন্তু আরোই।

১৪.৩ too অর্থে 'ও' অর্থাৎ সংযোগাত্মক (inclusive) প্রত্যয় ও-কে ও দিয়ে (ও-কার শব্দের সঙ্গে যোগ না করে) লেখাই উচিত। তাই, আজো আরো এখনো তোমারো রামেরো নয়। লেখা হবে, আজও আরও এখনও তোমারও রামেরও ইত্যাদি। পদ্যের স্বাভাবিক অভ্যাসে কিংবা ছন্দবিচারে সম্ভাব্য বিভ্রমের আশঙ্কায় ও-কারের বানান থাকতে পারে। যেমন, 'আরো আরো প্রভু, আরো আরো'....

১৪.৪ আদি দল বা অক্ষরে (syllable-এ) স্বরধ্বনি অ-যুক্ত মূল শব্দের সঙ্গে -উয়া প্রত্যয় জুড়ে যে-রূপ হয় (জল + উয়া > জলুয়া), তার আধুনিক রূপে দুটো ও-কার দেওয়াই সংগত হবে। তাই জলুয়া থেকে জোলো, পড়ুয়া থেকে পোড়ো, পটুয়া থেকে পোটো। এইভাবে খোলো (হুঁকো) ঝোড়ো টোকো (— ফল) ইত্যাদি।

১৪.৫ কোনো কোনো ক্ষেত্রে বিশেষণের '-লো' প্রত্যয় ও-কার ছাড়া লেখার প্রবণতা দেখা যায়। যেমন : ঘোরাল ছুঁচোল জোরাল ধারাল টিকোল প্যাঁচাল। এতে উচ্চারণ-বিভ্রান্তির আশঙ্কা থাকে বলে শব্দগুলির বানানে ল-প্রত্যয়ের ও-কারান্ত উচ্চারণ বজায় রাখা বাঞ্ছনীয়।

তাই : ঘোরালো ছুঁচোলো জোরালো টিকোলো ধারালো প্যাঁচালো ইত্যাদি। কিন্তু দাঁতাল (হাতি), দাঁতালো নয় (এখানে প্রত্যয়টি —আল)।

১৪.৬ তো এবং সেই সূত্রে হয়তো নয়তো ও-কারযুক্ত করার প্রস্তাবও উচ্চারণসংগত।

১৪.৭ ক্রিয়াপদের বিভিন্ন রূপে নিম্নবর্ণিত পার্থক্যগুলি বজায় থাকা বিধেয়।

নিত্যবর্তমানকালে নিয়মিত অভ্যস্ত ঘটনা বোঝাতে ক্রিয়ায় অ-কারান্ত : তুমি কোন্‌ কাগজ পড় ?

বর্তমান অনুজ্ঞা বোঝাতে ক্রিয়ায় ও-কারান্ত : এটা পড়ো তো দেখি।

তুচ্ছার্থক বর্তমান অনুজ্ঞা বোঝাতে ক্রিয়ায় শেষ ব্যঞ্জনে হস্‌ চিহ্ন : তুই পড়্‌।

ভবিষ্যৎ অনুজ্ঞায় অর্থাৎ আদেশে, অনুরোধে ক্রিয়ায় একাধিক ও-কার : এ বইটা অবশ্যই পোড়ো। ক্রিয়াটি তুচ্ছার্থ হলে, পড়িস্‌।

বস্ ধাতুর ক্ষেত্রে বর্তমান ও ভবিষ্যৎ উভয় ক্ষেত্রেই অনুজ্ঞার রূপ হবে বোসো। তুচ্ছার্থক, বসিস্।

আরও দ্রষ্টব্য : এই অংশের শেষে অনুজ্ঞা ও ভবিষ্যৎ অনুজ্ঞার বানান বিষয়ে প্রস্তাব (১৪.১২, ১৪.১৩)।

১৪.৮ তবে ক্রিয়াপদের অতীত ও ভবিষ্যৎ রূপে শেষ বর্ণে ও-কার বর্জনীয় ; অর্থাৎ বলল বলত বলব লেখা হবে, বললো বলতো বলবো ইত্যাদি নয়। হল (<হইল), হত (<হইত) ও-কার ছাড়াই লিখতে হবে। সাধুভাষায় এসব প্রয়োগে বিভক্তিতে ও-কার ছিল না। চলিত ক্রিয়ারূপেও ও-কার দেবার প্রয়োজন নেই।

১৪.৯ সাধিত ধাতু থেকে নিষ্পন্ন ক্রিয়াবাচক বিশেষ্যের শেষে -নো থাকবে। যেমন করানো (করান নয়)। এইভাবে :

খাওয়ানো চালানো দেখানো পাঠানো বলানো লাগানো শোনানো ইত্যাদি।

১৪.১০ কোথাও কোথাও দ্বি-দল (bisyllabic) ধাতুর দ্বিতীয় ব্যঞ্জনে ও-কার বর্জন করা হয়। যেমন : এগবে জুড়ল পিছবে পৌছল ফুরল লুকবে। এই রীতি যুক্তিহীন ; তাই লিখতে হবে :

এগোবে জুড়োল পিছোবে পৌঁছোল ফুরোল ভিড়োবে লুকোবে ইত্যাদি।

এ বিষয়ে যুক্তি দু-রকম। এক, ধ্বনিতত্ত্বের যুক্তি ; লুকা- জুতা- ফুরা- প্রভৃতি ধাতু স্বরসংগতিগত ধ্বনিপরিবর্তনে লুকো-, ফুরো- হয়েছে, যে নিয়মে মুলা থেকে মুলো, সুতা থেকে সুতো হয় সেই একই নিয়মে। সুতরাং লুকো-, ফুরো- ইত্যাদির সঙ্গেই বিভক্তি যোগ হবে। দুই, সমরূপতার সম্ভাবনা এড়ানোর যুক্তি : ভিড়বে আর ভিড়োবে-র প্রথমটি প্রযোজক নয়, দ্বিতীয়টি প্রযোজক ক্রিয়া। বানান এক (ভিড়বে) হলে 'নৌকো ভিড়বে' আর মাঝি 'নৌকো ভিড়োবে' — এ দুয়ের মধ্যে তফাত রাখা যাবে না, যেমন যাবে না 'ভিজবে' আর 'ভিজোবে'-র মধ্যে। এইরকমভাবে তফাত রাখা দরকার — জুড়ল (ছেঁড়া পাতা জুড়ল), জুড়োল (ঠান্ডায় শরীর জুড়োল) ইত্যাদির মধ্যে। এই যুক্তিতে লেখা উচিত দৌড়োনো পুরোনো পৌঁছোনো ; দৌড়নো পুরনো পৌছনো নয়।

১৪.১১ অসমাপিকা ক্রিয়ার কোনো রূপেই অভিশ্রুতি বা স্বরসংগতিতে ও-কার বা উর্ধ্বকমার প্রয়োজন নেই।

সুতরাং বোলে বা ব'লে নয়, লিখতে হবে — বলে। তেমনই, কয়ে হয়ে সয়ে পড়ে চলে। তবে বিশেষ ক্ষেত্রে অর্থবোধে সংশয় দেখা দিলে উর্ধ্বকমার প্রয়োগ চলতে পারে। যথা : এমনি ক'রে কেউ ভুল করে?

১৪.১২ এই কয়েকটি ক্রিয়াপদের অনুজ্ঞা-রূপে ও-উচ্চারণ বোঝানোর জন্য ও-কার প্রয়োগ সংগত। যেমন : বোসো (কিন্তু বোস্ বসুন) ; হও (কিন্তু হোন হোস্)।

১৪.১৩ সাধিত প্রযোজক ধাতুর ভবিষ্যৎ অনুজ্ঞায় -ইও-র বদলে -ইয়ো লেখাই সংগত। অর্থাৎ — করিয়ো দিয়ো দেখিয়ো শুনিয়ো ইত্যাদি।

সিদ্ধ স্বরান্ত ধাতুর মধ্যম পুরুষের অনুজ্ঞার ক্ষেত্রেও ওইভাবে -য়ো হবে। যেমন : খেয়ো দিয়ো যেয়ো ইত্যাদি।

১৫ ঐ ঐ-কার ঔ ঔ-কারের বিশ্লেষ

১৫.১ সাধারণভাবে অ-তৎসম শব্দে ঐ-কার বা ঔ-কারের বদলে অই বা অউ ব্যবহার প্রয়োজনমতো করা যেতে পারে, যেমন :

কই দই বই (বই-কি) হইচই পইতে রইরই পইপই চইচই (হাঁসকে ডাকার শব্দ) ইত্যাদি শব্দ ঐ-কার ছাড়া লেখা হতে পারে। তেমনই বউ মউ -কে ঔকার ছাড়া।

১৫.২ তবে, কৈফিয়ত চৌবাচ্চা চৌরঙ্গি তৈরি বৈঠক মৌমাছি মৌরলা মৌরি মৌলবি মৌলানা মৌলালি মৌসুমি সৈয়দ ইত্যাদি বানান প্রচলন মেনে লেখা হবে।

১৬ ঙ এবং ঙ্গ, ত এবং ৎ

১৬.১ কিছু কিছু অ-তৎসম শব্দে ঙ এবং ঙ্গ দুই বানানই নির্বিচারে ব্যবহৃত হয়ে আসছে। যেমন : ভাঙা-ভাঙ্গা বাঙালি-বাঙ্গালি। এসব ক্ষেত্রে মান্য উচ্চারণের ভিত্তিতে ঙ-ই লেখা হবে। যেমন :

আঙুর আঙুল কাঙাল গোঙানি চাঙড় টাঙানো ডাঙশ ডাঙা ডিঙি ডোঙা ঢ্যাঙা ধাঙড় নোঙর পাঙাশ বাঙালি ভাঙা ভেঙে রাঙা রঙিন লাঙল হাঙর ইত্যাদি।

১৬.২ যেখানে সাধরণত ঙ্গ উচ্চারণ হয়, সেখানে গ্-যুক্ত ঙ অর্থাৎ ঙ্গ-ই লিখতে হবে, যেমন : চুঙ্গি জঙ্গল জঙ্গি দাঙ্গা ভঙ্গি লুঙ্গি হাঙ্গামা ইত্যাদি। প্রসঙ্গত ২.১ এবং ৮.১ সূত্র দ্রষ্টব্য।

১৭ জ এবং য

১৭.১ কিছু কিছু অর্ধতৎসম ও তদ্ভব শব্দে জ-এর বদলে য ব্যবহার করলে মূল শব্দটির কথা স্মরণ করে দ্রুত অর্থবোধের সহায়তা হতে পারে। এজন্য নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে জ-এর বদলে মূলের য রাখা হবে।

যেমন : যখন যত যদ্দিন যন্তন্না যবে যাওয়া যিনি যে যোঝা ইত্যাদি।

১৭.২ তবে প্রচলিত কয়েকটি ক্ষেত্রে য-এর বদলে জ হবে। যেমন : কাজ জাঁতা জাউ জাদু জুঁই জুতসই জো জোগান জোড় জোড়া জোত জোয়াল হজরত ইত্যাদি।

১৮ ণ এবং ন

১৮.১ সংস্কৃত ণত্ব-বিধান কেবল তৎসম শব্দের ক্ষেত্রেই প্রযোজ্য। তৎসম নয়, অথবা বাংলা ব্যাকরণের নিয়মে পরিবর্তিত এইসব শব্দে দন্ত্য ন হবে।

যেমন : অঘ্রান কান কোনাকুনি ঘরানা চিরুনি চুন ঠাকরুন দরুন নরুন পুরানো / পুরোনো মানিক রানি সোনা ইত্যাদি।

১৮.২ অ-তৎসম শব্দে মূর্ধন্য বর্গের বর্ণের সঙ্গে যুক্ত ণ-এর বদলে দন্ত্য ন গ্রাহ্য হবে। যেমন :

গন্ডার ঝন্টু ঝান্ডা ঠান্ডা প্যান্ট প্যান্টালুন ফ্যান্টা মুন্ডা মুন্ডারি লন্ঠন লন্ডভন্ড ইত্যাদি।

কিন্তু তৎসম-জাত কয়েকটি অর্ধতৎসম শব্দে ণ্ড ব্যবহৃত হলে তা প্রচলিত হিসেবে গণ্য করা যায়। ফলে, আণ্ডা কুণ্ডু মুণ্ডু ষণ্ডা লেখা যেতেই পারে।

১৮.৩ পুণ্য গণ্য ইত্যাদি শব্দের কথ্য বানানে পুণ্যি গণ্যি এই রূপভেদ চলবে।

১৯ য-ফলা

১৯.১ অ-তৎসম শব্দে য-ফলা বর্ণদ্বিত্বের মতো উচ্চারিত হলেও সবক্ষেত্রে বর্জন করা সম্ভব নয়। তাই বিশেষত অর্ধতৎসম শব্দে য-ফলা রাখা হয়েছে। তাই কাব্বি জন্নে দিব্বি নস্সি ভুজ্জি সাদ্ধি সুজ্জি ইত্যাদি না-লিখে কাব্যি জন্যে দিব্যি নস্যি ভুজ্যি সাধ্যি সূয্যি হিসাবে লেখা হোক।

১৯.২ তবে হিস্যা লেখা হোক হিস্সা, লস্যি হোক লস্সি। প্রসঙ্গত, মফঃস্বল নয়, লেখা হোক মফস্সল। এগুলি বিদেশি শব্দ।

২০ শ ষ স

অ-তৎসম, বিশেষত তদ্ভব শব্দে শব্দবিশেষের ক্ষেত্রে স্বতন্ত্র নির্দেশ না থাকলে প্রচলন অনুযায়ী শ-ষ-স তিনটিরই স্থানোচিত ব্যবহার হবে। যেমন পিসি পিসশাশুড়ি ভাশুর মাসি মোষ ষাঁড় ষোলো। আকাদেমি বানান অভিধানে যথাস্থানে সংশ্লিষ্ট বানান পাওয়া যাবে।

২১ ক্ষ এবং খ

ক্ষিদে ক্ষুদ ক্ষেত ক্ষ্যাপা ইত্যাদি তদ্ভব শব্দে ক্ষ-এর বদলে খ ব্যবহারই সংগত। লিখতে হবে, খিদে খুদ খেত খ্যাপা। এভাবেই লেখা হবে খিরাই। কিন্তু ক্ষীর তৎসম শব্দ বলে 'ক্ষীর'ই থাকবে। রাক্ষুসে, কিন্তু খোক্কস।

২২ বিদেশি শব্দ-বিষয়ে

২২ প্রসঙ্গত ১১.১ সূত্রের ব্যাখ্যায় বলা যায়, বাংলা শব্দভাণ্ডারে আরবি-ফারসি-তুর্কি ইত্যাদি মধ্যপ্রাচ্যীয় ভাষার শব্দ, ইংরেজি-ফরাসি-জার্মান-পর্তুগিজ প্রভৃতি ইউরোপীয় ভাষার শব্দ, জাপানি-বর্মি ইত্যাদি বহির্ভারতীয় যে-কোনও ভাষার শব্দ, ঋণশব্দরূপে কিংবা ধ্বনিপরিবর্তনের মধ্য দিয়ে ব্যবহৃত হলেও তা বিদেশি শব্দ রূপেই গণ্য হয়ে থাকে। এই জাতীয় শব্দের বানান বাংলা-উচ্চারণের কাছাকাছি আনাই বানান-সমতার উদ্দেশ্য, যা পরবর্তী সূত্রগুলিতে বিবৃত হয়েছে।

২২.১ বাংলা শব্দভাণ্ডারে গৃহীত বিদেশি শব্দে দীর্ঘ স্বরচিহ্ন না-দিয়ে হ্রস্ব স্বরচিহ্ন ব্যবহৃত হবে। নীচে সেসব শব্দের একটি সংক্ষিপ্ত তালিকা দেওয়া হল :

ইগল ইদ ইঞ্জিনিয়ার ইভ ইস্ট ইস্টার কমিটি কাজি কিডনি ক্রিজ ক্রিম ক্লিন খ্রিস্টান গির্জা চিপ (cheap) জানুয়ারি টিক (teak) টিন টিম ডিগ্রি থ্রি নবিশ নেভি পিপ্‌ল প্লিডার ফি ফিরিঙ্গি ফ্রি বিচ (beach) বিন (bean) ব্রিজ ব্রিফ মিটিং মিলিটারি মুভি রিডার রিম রিল রেফারি লিগ লিড লিডার লেডি শেলি সিজার সিড সেক্রেটারি স্টিম স্টিল ট্রিট হাজি হিজরি ইত্যাদি।

কিন্তু ইগল ইদ, কেউ যদি ঈগল ঈদ লেখেন তা লেখা যেতে পারে।

২২.২ বিদেশি শব্দের ক্ষেত্রে সংস্কৃত ণত্ববিধিসম্মত মূর্ধন্য ণ ব্যবহৃত হবে না, সর্বত্রই দন্ত্য ন ব্যবহার করা হবে। অর্থাৎ এখানে উচ্চারণের সংস্কৃত ধ্বনি-সূত্র প্রযোজ্য নয়। যেমন : আয়রন ইরান কনসার্ন কার্নেশন কার্বন কুর্নিশ কোরান ক্রেন গভর্নর টার্নিং টার্মিনাল ট্রেন পরগনা ফার্ন বায়রন বোর্নিয়ো ব্যারন ব্রেবোর্ন মেলবোর্ন রান রোমান লন্ডন হর্ন ইত্যাদি।

২২.৩ st বর্ণগুচ্ছ-বিশিষ্ট ইংরেজি শব্দে স্ট ব্যবহার করতে হবে।

যেমন : খ্রিস্ট পোস্ট পোস্টার মাস্টার স্টেশন স্টোর স্ট্রিট ইত্যাদি।

২২.৪ lb বর্ণগুচ্ছ-বিশিষ্ট ইংরেজি শব্দ বাংলায় লিখতে -ল্‌ব লিখতে হবে, ল্ব নয় : bulb বাল্‌ব, বাল্ব নয়। তাতে উচ্চারণ-বিভ্রাট এড়ানো যাবে।

২৩ বিদেশি শব্দে শ-স

২৩.১ নীচের আরবি-ফারসি-তুর্কি প্রভৃতি শব্দে স ব্যবহারই চলবে :

ইসলাম তসবির ফারসি মুসলিম মুসলমান সাদা সালাম সাবান সাহেব সিতারা সুলতান সোফিয়া ইত্যাদি।

২৩.২ আমাদের অভ্যাসের মধ্যে এসে গেছে বলে এই জাতীয় কিছু কিছু শব্দ তালব্য শ দিয়ে লেখা হবে :

আপশোশ আয়েশ উশুল ওয়াশিল কিশমিশ কুরুশ কোশিশ চাপরাশি তপশিল তহশিল পোশাক বকশিশ বাদশাহি বালিশ মজলিশ শিশমহল হুঁশিয়ার ইত্যাদি।

২৩.৩ নিম্নবর্ণিত ইংরেজি শব্দগুলির বাংলা রূপে 'তালব্য শ' ব্যবহৃত হবে :

অ্যাশট্রে কার্নিশ কুশ (-বিশ) নোটিশ বার্নিশ পালিশ পুলিশ মেশিন রাবিশ শিয়োর শুটিং (shooting) শ্যালো হাশিশ ইত্যাদি।

২৩.৪ ইংরেজি S-এর উচ্চারণ বাংলা শব্দে বজায় থাকলে তা দন্ত্য স দিয়েই লেখা উচিত হবে। যেমন :

কেস ক্রস (ক্রশ নয়) জুস (juice) নার্স নার্সারি (নার্শারি নয়) পাস (pass) পার্স প্র্যাকটিস (প্র্যাকটিশ নয়) মিস মেস সুট সুটকেস (সুটকেশ নয়) সুটিং (suiting) ইত্যাদি।

২৩.৫ বাংলায় য দিয়ে z-উচ্চারণ বোঝানোর রীতি মান্যতা পায়নি। তাই এই রীতি গ্রহণযোগ্য হয়নি। এজন্য 'আযু বা ওযু নয়, 'অজু বা ওজু; 'আযাদি নয়, 'আজাদি; নামায নয়, নামাজ; হযরত নয়, হজরত ইত্যাদি।

২৪ র-ফলা

বাংলায় সংস্কৃত ঋ ধ্বনির শুদ্ধ উচ্চারণ হয় না। তাই বিদেশি শব্দের ক্ষেত্রে বানানে ঋ-কার ব্যবহার না-করে উচ্চারণে র-ফলা + ই-কার ব্যবহার করাই উচিত। তাই খৃষ্ট নয়, খ্রিস্ট; বৃটিশ নয়, ব্রিটিশ। এইভাবে ব্রিটেন, ব্রিস্টল ইত্যাদি।

২৫ ব্যঞ্জনপূর্ব র্-রেফ

২৫.১ হলন্ত র-এর পর ব্যঞ্জন থাকলে সাধারণভাবে র্ রেফ হয়ে পরবর্তী ব্যঞ্জনের মাথায় বসবে এমন কয়েকটি অ-তৎসম শব্দের দৃষ্টান্ত : উর্দি উর্দু কার্তুজ গর্দান মির্জা জর্দা পর্দা বর্মা বর্মি তুর্কি মার্কেট সর্দার ইত্যাদি।

২৫.২ তবে সমাসবদ্ধ বা বিদেশি উপসর্গযুক্ত বা প্রত্যয়নিষ্পন্ন শব্দে অর্থবোধের সুবিধার জন্য রেফ না দিয়ে মূলের র বজায় থাকবে। যেমন : কারচুপি কারসাজি খবরদার গরমিল গরহাজির জোরদার তরতাজা দরদাম নজরদারি বরকন্দাজ বরখাস্ত শোরগোল হরতাল হরদম হরবোলা ইত্যাদি।

২৫.৩ এ ছাড়া তদ্ভব ধাতুর শেষ উপাদান র্ হলে তার পরবর্তী সংযোজনে ওই র্ রেফ হিসাবে না লিখে পূর্ণ রূপেই লিখতে হবে। যেমন : ঝরনা (ঝর্ন + আ), ধরনা ধরতাই ভরতি ভরতুকি ইত্যাদি।

২৬ ব্যক্তিনাম পদবি গ্রন্থনাম স্থাননাম

২৬.১ ব্যক্তিনামের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি যে নাম লেখেন আধুনিক বানানবিধি অনুযায়ী তা পুনর্লিখনযোগ্য হলে সেই পুনর্লিখন প্রত্যাশিত। পদবির ক্ষেত্রে পদবিধারী যদি আধুনিক বানান গ্রহণ করেন (যেমন, অমিতাভ চৌধুরি) তাকে মান্য করা উচিত। যাঁরা প্রচলন অনুসরণ করবেন তাঁদের বানানও গ্রাহ্য। কেবল রেফের পরে দ্বিত্বের প্রয়োগ না করাই উচিত।

২৬.২ ব্যক্তিনামের সংক্ষেপিত বা খণ্ডিত রূপের ক্ষেত্রে মূল তৎসম শব্দের ঈ-কার উ-কার রক্ষণীয়, যেমন : ধীরেনবাবু শচীনকাকা ভূপেনদা রূপেন রবীন ফণীকাকা শশীবাবু ইত্যাদি। অন্য বিদেশি নামের বাংলা বানানে অবশ্য ই-কার ব্যবহার্য : Robin রবিন, Shelley শেলি। তবে অর্ধতৎসম বা খণ্ডিত নামের ক্ষেত্রে ণত্ববিধি অনিবার্য নয়। যেমন বরেন, বারীন।

২৬.৩ সুপরিচিত বা প্রাচীন গ্রন্থনামে মূল বানান মান্য। অর্থাৎ 'পথের পাঁচালী-কে 'পথের পাঁচালি' বা 'রাজা ও রানী'-কে 'রাজা ও রানি' লেখা বাঞ্ছনীয় নয়। তবে গ্রন্থনামের সংরক্ষিত এলাকার বাইরে শব্দগুলি সাধারণভাবে ব্যবহৃত হলে অ-তৎসম শব্দের বানান-সংক্রান্ত সাধারণ নিয়ম অনুসরণ করতে হবে। যেমন, পরিচিত গ্রন্থনামে 'কাহিনী', 'পূরবী', 'রূপসী' (বাংলা),

(পদ্যের) 'পাঁচালী' রক্ষণীয়। কিন্তু সাধারণক্ষেত্রে শব্দগুলির ব্যবহার্য বানান হবে কাহিনি পাঁচালি পুরবি রানি রূপসি ইত্যাদি।

২৬.৪ বাঙালিদের পদবির ইংরেজি ধরনের বানানে — ব্যানার্জি, চ্যাটার্জি, গাঙ্গুলি ইত্যাদিতে হ্রস্ব ই-কার দিতে হবে, দীর্ঘ ঈ-কার নয়।

২৬.৫ অ-তৎসম শব্দের বানান পরিবর্তনের সূত্রে স্থাননামের বানানেও কিছু কিছু পরিবর্তন ঘটছে। নদীয়া > নদিয়া, নৈহাটী > নৈহাটি, দীঘা > দিঘা, মেমারী > মেমারি, রাণাঘাট > রানাঘাট। এই প্রবণতা সংগত ও মান্য।

লিখনরীতি-বিষয়ে সিদ্ধান্ত

২৭ সমাসে শব্দবন্ধন ও হাইফেন-প্রয়োগ

বাংলা বানানের পরিপূরক বা পরোক্ষভাবে সংশ্লিষ্ট সমাসবদ্ধ তথা যৌগিক-শব্দ বিন্যাসের পদ্ধতি নিয়েও বিশৃঙ্খলা-নিবারণের ও একরূপতা-আনয়নের কারণে কিছু সিদ্ধান্ত নেওয়া দরকার। কোন্ শব্দগুচ্ছ একসঙ্গে লেখা হবে, কোন্‌গুলিকে পৃথক রাখা হবে বা হাইফেন দিয়ে যুক্ত করা হবে, সে সম্বন্ধেও সংশয়-নিবারক ও সর্বজনগ্রাহ্য কতকগুলি সাধারণ নিয়ম পরবর্তী সূত্রগুলিতে দ্রষ্টব্য।

২৭.১ যেসব ক্রিয়াসূচক বা ক্রিয়াজাত বিশেষ্য বা বিশেষণ পদ একাধিক অংশে বিভক্ত এবং সাধারণভাবে দুটি ক্রিয়াযুক্ত বাক্যাংশ সমাস (Syntactical Compound) বলে মনে হয়, সেগুলিতে হাইফেন ব্যবহার করা হয়ে থাকে। সুতরাং সেটি অনুসরণ বাঞ্ছনীয় :

খসে-পড়া ('মালা হতে খসে-পড়া ফুলের একটি দল')

চোখে-চাওয়া ('চোখে-চাওয়ার সকল বাঁধন')

ভুলে-যাওয়া ('ভুলে-যাওয়ার বোঝাই ভরি')

২৭.২ দুই বা দুইয়ের বেশি শব্দ নিয়ে তৈরি অনুরূপ বাক্যাংশমূলক সমাসবদ্ধ বিশেষণ জাতীয় শব্দের ক্ষেত্রেও হাইফেন ব্যবহার বাঞ্ছনীয়। যেমন : নাম-না-জানা, সদ্য-ভরতি-হওয়া, না-বলা, না-দেখা, কত-না ইত্যাদি।

২৭.৩ সংস্কৃত সূত্রে সন্ধি করা হয় কিন্তু বাংলায় ব্যবহারে বহুক্ষেত্রে সন্ধি করা হয় না, এমন সমাসবদ্ধ পদে হাইফেন দেওয়াই সংগত। যেমন : ঘন-আড়ম্বর প্রয়োজন-উদ্ভূত বিদ্যুৎ-আলোক বেলা-অবেলা ভবিষ্যৎ-ভাবনা স্বেচ্ছা-অবসর ইত্যাদি।

২৭.৪ পূর্বতন ৪.২ সূত্রে বর্ণিত তৎসম উদাহরণ-ক্ষেত্র-বহির্ভূত প্রয়োগে প্রাতিপদিকের সঙ্গে সন্ধি না-করে কর্তৃকারকের একবচনের রূপের সঙ্গে অন্য শব্দের সমাস করলে বিকল্পে হাইফেন ব্যবহার সংগত। যেমন :

যশ-ইচ্ছা কৃতী-সংবর্ধনা ছন্দ-প্রকরণ ইত্যাদি। শেষ উদাহরণটি বিষয়ে বক্তব্য : সংস্কৃত 'ছন্দস্'-এর কর্তৃকারক একবচনের রূপ 'ছন্দঃ' হলেও বাংলায় তার অর্ধতৎসম রূপ 'ছন্দ'-ই মূলশব্দ হিসেবে দীর্ঘদিন প্রচলিত। তাই আধুনিক প্রয়োগে সমাসের পূর্বপদ হিসেবে 'ছন্দ' লেখা বিধিসম্মত। ৫.৩ সূত্র দ্রষ্টব্য।

২৭.৫ নতুন সমাসবদ্ধ বা যৌগিক শব্দের ক্ষেত্রে বিশেষত আধুনিক ব্যবহার্য কোনো বিষয় নির্দেশে অর্থবোধের সুবিধার জন্য সমস্যমান বা যোজ্যমান শব্দগুলির মধ্যে ফাঁক না-রেখে হাইফেন দেওয়াই বাঞ্ছনীয়। যেমন : ই-মেল, উপগ্রহ-মাধ্যম-সংযোগ-ব্যবস্থা, এক-জানালা-বন্দোবস্ত, দূরদর্শন-উপস্থাপনা, টেলি-যোগাযোগ, চল-ভাষ (mobile phone) ইত্যাদি। তবে

দূরভাষও মানা। আদ্য বর্ণমালিক (acrostic) শব্দের ক্ষেত্রে হাইফেন বা ফুলস্টপ বা ফাঁক বর্জনীয়। যেমন : এসটিডি টিভি বিবিসি ভাজপা সসাপ্র ইত্যাদি।

দুয়ের বেশি শব্দের দ্বন্দ্বসমাসের ক্ষেত্রে সংযোগচিহ্ন ব্যবহারিক অর্থবোধে সহায়তা করে। যেমন, আজ-কাল-পরশু, তেল-নুন-লকড়ি, বাপ-মা-ভাই-বোন, রাম-শ্যাম-যদু, রূপ-রস-শব্দ-গন্ধ-স্পর্শ, হাত-পা-নাক-কান।

২৭.৬ বিশেষ্যজাতীয় সমার্থক বা সমপর্যায়ের দুটি শব্দের সমাস হলে তা জুড়ে লেখাই সংগত। যেমন : কাগজপত্তর ঘরবাড়ি টাকাপয়সা ভেবেচিন্তে রেঁচেবর্তে বিদেশবিভুঁই বন্ধুবান্ধব রাজাবাদশা। প্রতিধ্বন্যাত্মক যুগ্মশব্দও হাইফেনহীনঃ হয় (ক্লাটস) কৃচিৎ হাইফেন হয়, যেমন : চা-টা।

২৭.৭ তবে এ ক্ষেত্রে পরবর্তী শব্দটির গোড়ায় স্বরবর্ণ থাকলে হাইফেন দেওয়া বাঞ্ছনীয়। যেমনঃ আশা-আকাঙ্ক্ষা আমির-ওমরা জ্যৈষ্ঠ-আষাঢ় বিষয়-আশয় ভাদ্র-আশ্বিন রাজা-উজির ইত্যাদি।

২৮ না-নি-নে : কীভাবে লিখব

২৮.১ নঞর্থক বা নিষেধাত্মক 'না' যদি ক্রিয়াপদে ব্যবহৃত হয় তবে 'না'- কে পৃথক লিখতে হবে। যেমন : দেব না, বলি না, কোরো না, শুনল না, যেয়ো না।

২৮.২ কিন্তু, নিষেধাত্মক ও অতীতবাচক 'নি' যদি ক্রিয়াপদে যুক্ত হয় তবে তাকে ক্রিয়ারূপের সঙ্গে জুড়ে লেখাই সংগত : কারণ পূর্বপদের ধ্বনিপ্রবাহের ধারাবাহিকতার সঙ্গে পরবর্তী 'নি' যুক্ত এবং নি-র কোনো পৃথক ও স্বাধীন প্রয়োগ নেই। যেমন : হয়নি করিনি দেখিনি শুনিনি ধরেনি ভাবেনি।

একই যুক্তিতে 'নে'-ও ক্রিয়ারূপের সঙ্গে যুক্তভাবে লেখা হবে : করিনে যাইনে ভাবিনে। সমাপিকা ও অসমাপিকার পূর্বে না-যোগ করার ক্ষেত্রে হাইফেন বাঞ্ছনীয়। যেমন : না-এলে, না-খাবে।

২৮.৩ 'না' যখন বিশেষ অনুরোধের চিহ্ন, তখন তা ক্রিয়ার সঙ্গে জুড়ে অথবা হাইফেন বসিয়ে লিখতে হবে : যাওনা / যাও-না, বলোনা (= বলো) / বলো-না, দেখোনা / দেখো-না। কারণ এই 'না' পূর্ব ক্রিয়াপদকে নাকচ করছে না, বরং তারই একটা ধরন (aspect) বোঝাচ্ছে, সেদিক থেকে এই 'না' সংশ্লিষ্ট ক্রিয়ার অর্থের অঙ্গ।

২৮.৪ এই প্রসঙ্গে একসঙ্গে লেখা 'এমনকি' ('এমনকি আমিও কথাটা বলে ফেলেছি') এবং পৃথক 'এমন কী' ('এমন কী [= কী এমন] ভালো খেলল অস্ট্রেলিয়া)- এ দুয়ের তফাত খেয়াল করা দরকার। প্রথম 'এমনকি'তে উচ্চারণের বল বা শ্বাসাঘাত নেই। দ্বিতীয়টিতে আছে, তাই বানানেও পার্থক্য বজায় থাকে।

২৮.৫ এইভাবেই প্রভেদ করতে হবে 'সে কী' (বিস্ময়বাচক উচ্ছ্বাস) আর 'সে কি' (সাধারণ হাঁ-না প্রশ্নের কি)-এর মধ্যে :

'ও এর মধ্যেই চলে গেছে? সে কী?'

'সে কি কাজটা শেষ করেছে?' 'সে কি আসে?'

২৮.৬ বাংলায় দু-রকম 'কিনা' প্রচলিত-বিচ্ছিন্ন ও সংযুক্ত। যেমন, তুমি যাবে কি না? (তুমি যাবে কি যাবে না?) এখানে কি ও না পৃথক থাকবে। কিন্তু, তুমি যাবে কিনা তাই উশখুশ করছ – এখানে, কিনা সংযুক্ত।

২৯ যতিচিহ্ন-বিষয়ে

২৯.১ বাক্য যদি রোমক হরফে লেখা ইংরেজি বা অন্য বিদেশি শব্দ দিয়ে শেষ হয় তবে যতিচিহ্ন হিসাবে ফুল স্টপ (.) নয়, বাংলা বাক্যের সাধারণ রীতি অনুসারে দাঁড়ি (।) দেওয়া বিধেয়। যেমন : 'গল্পটা খুব interesting।' 'লোকটা dangerous।' 'জার্মানির অন্য নাম Deutschland।'

২৯.২ বাক্যসমাপ্তিবাচক যতি না বুঝিয়ে কোনো শীর্ষ নাম বা সূচি-নির্দেশক বা পঙ্ক্তিকরণের প্রয়োজনে এক দাঁড়ি (।) অথবা দুই দাঁড়ি (॥) অথবা প্রথম বন্ধনী '( )' ব্যবহার্য।

২৯.৩ মূল রচনায় ব্যবহৃত হয়নি অথচ সম্পাদক-কর্তৃক সংযুক্ত, এমন শব্দের ক্ষেত্রে তৃতীয় বন্ধনী [ ] ব্যবহার্য।

৩০ উদ্ধৃতিচিহ্ন-বিষয়ে

৩০.১ রচনার মধ্যে গ্রন্থ পত্রিকা নথি ইত্যাদির নাম দু-পাশে একটি করে ঊর্ধ্বকমার মধ্যে দেওয়া যায়, ছাপায় কেউ কেউ বিকল্পে ইটালিক্‌সও পছন্দ করেন।

৩০.২ উদ্ধৃত অংশ দুটি ঊর্ধ্বকমার মধ্যে (" "), আবার তার মধ্যে উদ্ধৃত অংশে একটি করে ঊর্ধ্বকমা (" ' ' ") ব্যবহার করা যেতে পারে। অবশ্য এর উলটোটাও ব্যবহৃত হতে দেখা যায়। অর্থাৎ উদ্ধৃত একটি ঊর্ধ্বকমার মধ্যে (' '), আবার তার মধ্যে উদ্ধৃত অংশ দুটি করে ঊর্ধ্বকমার মধ্যে (' " " ')। দুটি রীতিই গ্রাহ্য। তবে বাংলা বানানবিধি প্রথম রীতিটিরই পক্ষপাতী।

৩০.৩ গ্রন্থনামের সঙ্গে বিভক্তিচিহ্ন ব্যবহারের প্রয়োজনে চিহ্নটির পূর্বে হাইফেন ব্যবহার করা সংগত। যেমন 'গীতাঞ্জলি'-র কবি ; 'বিসর্জন'-এর নাট্যকার।

৩০.৪ যতিচিহ্ন উদ্ধৃতিচিহ্ন-সংক্রান্ত সূত্রগুলি ভাষাব্যবহারে বা লিখন ব্যাপারে বাধ্যতামূলক মনে করার কারণ নেই। কেবল বানানের অনুষঙ্গে, ভাষায় মান্যতাদানের প্রয়োজনে ও সর্বাঙ্গীণ সৌষ্ঠব ও শৃঙ্খলা-প্রবর্তনের উদ্দেশ্যেই এগুলি ক্রমশ সর্বজনগ্রাহ্য হবে ও ব্যবহারগৌরব অর্জন করবে, বানানবিধির পক্ষ থেকে এইমাত্র প্রত্যাশা।

বাংলা ক্রিয়াপদের বানান

বাংলা ক্রিয়াপদের সেই রূপগুলিই এখানে দেওয়া হয়েছে যেগুলি আকাদেমির বানান-নীতির সঙ্গে সম্পর্কিত ; বাংলা ক্রিয়াপদের রূপের সব ক-টি রূপ এখানে দেওয়া প্রাসঙ্গিক নয়।

আউলানো — আউলাও আউলাচ্ছ আউলাত আউলাব আউলায় আউলাল আউলিয়ে/আউলে আউলিয়েছ আউলিয়ো

আওটানো — আওটাও আওটাচ্ছ আওটাত আওটাব আওটায় আওটাল আউটিয়ে/আউটে আওটিয়েছ আওটিয়ো

আওড়ানো — আওড়াও আওড়াচ্ছ আওড়াত আওড়াব আওড়ায় আওড়াল আউড়িয়ে/আউড়ে আউড়িয়েছ আউড়িয়ো

আঁকড়ানো — আঁকড়াও আঁকড়াচ্ছ আঁকড়াত আঁকড়াব আঁকড়ায় আঁকড়াল আঁকড়িয়ে/আঁকড়ে আঁকড়িয়েছ আঁকড়িয়ো

আঁকা — আঁক আঁকছ আঁকত আঁকব আঁকল আঁকে আঁকো এঁকে এঁকেছ এঁকো

আঁকানো — আঁকাও আঁকাচ্ছ আঁকাত আঁকাব আঁকায় আঁকাল আঁকিয়ে আঁকিয়েছ আঁকিয়ো

আঁচড়ানো — আঁচড়াও আঁচড়াচ্ছ আঁচড়াত আঁচড়াব আঁচড়ায় আঁচড়াল আঁচড়িয়ে/আঁচড়ে আঁচড়িয়েছ/আঁচড়েছ আঁচড়িয়ো

আঁচানো — আঁচাও আঁচাচ্ছ আঁচাত আঁচাব আঁচায় আঁচাল আঁচিয়ে আঁচিয়েছ আঁচিয়ো

আঁটা — আঁট আঁটছ আঁটত আঁটব আঁটল আঁটে আঁটো এঁটে এঁটেছ এঁটো

আঁটানো — আঁটাও আঁটাচ্ছ আঁটাত আঁটাব আঁটায় আঁটাল আঁটিয়ে আঁটিয়েছ আঁটিয়ো

আঁতকানো — আঁতকাও আঁতকাচ্ছ আঁতকাত আঁতকাব আঁতকায় আঁতকাল আঁতকিয়ে/আঁতকে আঁতকিয়েছ/আঁতকেছ আঁতকিয়ো

আগলানো — আগলাও আগলাচ্ছ আগলাত আগলাব আগলায় আগলাল আগলিয়ে/আগলে আগলিয়ো আগলেছ

আছড়ানো — আছড়াও আছড়াচ্ছ আছড়াত আছড়াব আছড়ায় আছড়াল আছড়িয়ে/আছড়ে আছড়িয়েছ/আছড়েছ আছড়িয়ো

